আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
•••••••••••••••••••
যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিণকালেও তা গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্ত।

সূরা আল ইমরান- ৮৫

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ১৮ অক্টোবর ২০২৬ ॥ ০৬ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ০২ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাঙ্কর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

উচ্চশিক্ষার মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ মানবসম্পদ তৈরির আহ্বান

কীর্তনখোলা ডেস্ক

সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে দেশ-বিদেশের চাহিদা অনুযায়ী কর্মক্ষম ও দক্ষ মানবসম্পদ

২ এর পাতায় দেখুন

ইস্ট বেঙ্গল রেজিমেন্ট না থাকলে দেশ আজও পাকিস্তান থাকতো: স্পিকার

কীর্তনখোলা ডেস্ক

ইস্ট বেঙ্গল রেজিমেন্টই পাকিস্তানের আধিপত্যবাদের বিরুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধযুদ্ধ শুরু করেছিল বলে মন্তব্য করেছেন

২ এর পাতায় দেখুন



বিরোধী দল রাজপথে নতুন নাটক শুরু করেছে: রিজভী

কীর্তনখোলা ডেস্ক

নিজেদের দলের অভ্যন্তরীণ কোন্দল ও ব্যর্থতা আড়াল করতে বিরোধী দল রাজপথে আন্দোলনের নামে নতুন নাটক শুরু

২ এর পাতায় দেখুন

গণভোটের রায় কার্যকরসহ এনসিপির তিন দাবি

কীর্তনখোলা ডেস্ক

গণভোটের রায় দ্রুত কার্যকর, একদলীয় সংবিধান সংশোধন কমিটি বিলুপ্ত এবং সংবিধান সংস্কার পরিষদ গঠনের

২ এর পাতায় দেখুন

কক্সবাজারে রিসোর্টে অগ্নিকাণ্ড

বরগুনার একই পরিবারের ছয়জন পুড়ে অঙ্গার

কীর্তনখোলা রিপোর্ট

কক্সবাজারের ইনানীতে টুপটুপ রিসোর্টে ভয়াবহ অগ্নিকাণ্ডে বরগুনার আমতলীর একই পরিবারের ৬ জনসহ মোট ১০ জন পর্যটক নিহত হয়েছেন। শনিবার (১৭ অক্টোবর) সকাল সাড়ে ৭টার দিকে এ মর্মান্তিক অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। নিহতদের মধ্যে রয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষার্থী মো. নাফিজ তেহামী (জাইফ)। তিনি বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটের 'চাইনিজ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কালচার' বিভাগের ৫ম ব্যাচের শিক্ষার্থী ছিলেন। তার বাড়ি বরগুনার আমতলী উপজেলার কুকুয়া ইউনিয়নের দক্ষিণ চুনাখালী গ্রামে। তার বাবা মো. জেয়াদুল কবির এবং মা কাজল রেখা। কক্সবাজার ফায়ার সার্ভিস ও ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়েম এ তথ্য নিশ্চিত করেছেন। তথ্য সুত্রে জানা যায়, নাফিজ ও তার পরিবারের সদস্যরা

২ এর পাতায় দেখুন

বরিশালে ১৮ জন মৃৎশিল্পীকে সম্মাননা

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশের ঐতিহ্যবাহী মৃৎশিল্পের সংরক্ষণ, প্রসার এবং এ শিল্পের সঙ্গে যুক্ত শিল্পীদের আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার লক্ষ্যে বরিশালে অনুষ্ঠিত হয়েছে ১৭তম মৃৎশিল্পী সম্মেলন ও সম্মাননা-২০২৬। 'মৃৎশিল্পী সম্মেলন ও সম্মাননা, বরিশাল'-এর আয়োজনে শনিবার (১৭ অক্টোবর) দুপুরে নগরের একটি কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দেশের বিভিন্ন অঞ্চলের ১৮ জন মৃৎশিল্পীকে বিভিন্ন ক্যাটাগরিতে সম্মাননা দেওয়া হয়। এর মধ্যে 'শিল্পাচার্য জয়নুল আবেদিন আজীবন সম্মাননা' পেয়েছেন ফরিদপুরের ভাঙ্গা উপজেলার মনসুরাবাদ ইউনিয়নের প্রবীণ মৃৎশিল্পী নিরঞ্জন পাল। সম্মেলনের শুরুতে সকালে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে অনুষ্ঠিত হয় মূল সম্মেলন। সম্মেলনের উদ্বোধন করেন শিল্পাচার্য জয়নুল আবেদিনের কনিষ্ঠ পুত্র ও শিল্পানুরাগী প্রকৌশলী ময়নুল আবেদিন। অনুষ্ঠানে প্রধান

২ এর পাতায় দেখুন

স্ত্রী-সন্তানসহ ৬ স্বজনকে হারানোর শোক কীভাবে সইবেন নুর আলম

কীর্তনখোলা রিপোর্ট

স্ত্রী-সন্তানসহ পরিবারের ছয় সদস্যকে কক্সবাজারে রেখে কর্মস্থল চুয়াডাঙ্গায় ফিরেছিলেন নুর আলম। কথা ছিল শনিবার (১৭ অক্টোবর) অন্যরা সবাই একসঙ্গে ফিরবেন। কিন্তু সেই ফেরা আর হলো না। কক্সবাজারের একটি রিসোর্টে ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রাণ হারিয়েছেন তার স্ত্রী, সাত বছরের সন্তানসহ পরিবারের ছয়জন। প্রিয়জনদের হারিয়ে শোকে ভেঙে পড়েছেন নুর আলম। নুর আলম বরিশালের উজিরপুর উপজেলার বাসিন্দা। চাকরির সুবাদে স্ত্রী ও সন্তান নিয়ে চুয়াডাঙ্গা পৌর এলাকার দক্ষিণ হাসপাতালপাড়ায় একটি ভাড়া বাসায় টানা আট বছর ধরে বসবাস করছেন। তিনি ড্রাগ ইন্টারন্যাশনাল লিমিটেডের চুয়াডাঙ্গা মেডিকেল প্রমোশন অফিসার (এমপিও) হিসেবে কর্মরত। পরিবারের সদস্যদের নিয়ে বুধবার (১৪ অক্টোবর) কক্সবাজারে বেড়াতে যান নুর আলমের স্ত্রী ফারিহা কবির, তাদের সাত বছরের সন্তান ফায়িজান আহম্মেদ, ফারিহার তিন বোন

২ এর পাতায় দেখুন

শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে হিন্দু সম্প্রদায়ের মাঝে উপহার সামগ্রী বিতরণ করছেন বরিশাল সদর আসনের সংসদ সদস্য মজিবর রহমান সরোয়ার -**কীর্তনখোলা**

মেহেন্দিগঞ্জে দুর্গাপূজার বরাদ্দে ভাগ বসানোর অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মেহেন্দীগঞ্জে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মন্দিরগুলোর জন্য বরাদ্দ করা চাল বিক্রির অর্থ থেকে মণ্ডপপ্রতি ১৯ হাজার ২০০ টাকা কেটে রাখার অভিযোগ উঠেছে 'হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান কল্যাণ ফ্রন্ট'-এর স্থানীয় নেতাদের বিরুদ্ধে। পূজা উদযাপন কমিটিগুলোর অভিযোগ, মণ্ডপপ্রতি ৮৮ হাজার ২০০ টাকার সমপরিমাণ বরাদ্দের বিপরীতে তাদের হাতে দেওয়া হয়েছে মাত্র ৬৯ হাজার টাকা। নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসানের নির্দেশনা অনুযায়ী বরাদ্দপত্র সরাসরি মন্দির কমিটির হাতে দেওয়ার কথা থাকলেও তা অনুসরণ করা হয়নি বলে অভিযোগ উঠেছে। খোঁজ নিয়ে জানা গেছে, এ ঘটনায় সংগঠনটির উপজেলা সভাপতি সুভাস দাস ও সাধারণ সম্পাদক আপন সুরের নাম এসেছে। সুভাস পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য এবং আপন সোনাইমুখী ওয়ার্ড

২ এর পাতায় দেখুন

ছোট ভাইকে কুপিয়ে হত্যা মামলার আসামি বড় ভাইয়ের লাশ উদ্ধার

কাঁঠালিয়া প্রতিনিধি

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় আপন ছোট ভাইকে কুপিয়ে হত্যা মামলার আসামি বড় ভাই নুরুল ইসলাম হাওলাদারের (৬০) লাশ উদ্ধার করেছে পুলিশ। শনিবার (১৭ অক্টোবর) দুপুরে উপজেলার চেঁচরী রামপুর ইউনিয়নের দক্ষিণ মহিষকান্দি গ্রাম থেকে তার লাশ উদ্ধার করা হয়। নিহত নুরুল ইসলাম হাওলাদার দক্ষিণ মহিষকান্দি গ্রামের মরহুম মমিন উদ্দিন হাওলাদারের ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, প্রায় তিন-চার বছর আগে আপন ছোট ভাই বেল্লাল হাওলাদারকে কুপিয়ে হত্যার অভিযোগ ওঠে নুরুল ইসলামের বিরুদ্ধে। ওই ঘটনায় নিহতদের বোন

২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

অনুমোদনহীন গণমাধ্যমের ছড়াছড়ি

সারাদেশে অনুমোদিতর চেয়ে অনুমোদনহীন গণমাধ্যমের আধিক্য লক্ষ্য করা যাচ্ছে। অনুমোদন ছাড়া কোন কিছুরই বৈধতা নেই। বর্তমানে অনুমোদনহীন অবৈধ গণমাধ্যমের তথাকথিত সংবাদকর্মী পরিচয়ধারীরা যেভাবে সর্বত্র বিচরণ ও মাঠ চষে বেড়াচ্ছেন, তাতে অনুমোদিত মিডিয়াগুলোর প্রকৃত সংবাদকর্মীরা অসহায় ও কোনঠাসা হয়ে পড়ছেন। সাধারণ মানুষ যখন অবৈধ মিডিয়াগুলোর কথিত সংবাদকর্মী নামের ধান্দাবাজদের অত্যাচারে অতিষ্ঠ হয়ে-গড়ে সবাইকে ভৎসনা করেন, তার রেশ প্রকৃত সাংবাদিকদের উপরও আসে।

এই সংকট থেকে উত্তরণের জন্য অনুমোদনহীন সকল মিডিয়া বন্ধ করা প্রয়োজন। পাশাপাশি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তারা যদি নিবন্ধনহীন মিডিয়ায় কোন সাক্ষাৎকার না দেন কিংবা বয়কট করেন, তবুও সংকট কিছুটা কমতে পারে।

এবিষয়ে সরকারকেই কার্যকরী পদক্ষেপ নিতে হবে। বিগত অন্তবর্তীকালীন সরকারের সময় গঠিত 'গণমাধ্যম সংস্কার কমিশন'র সুপারিশ বাস্তবায়ন করতে পারলে চলমান এই সংকট কিছুটা হলেও দূর হবে।

আযাদ আলাউদ্দীন
সভাপতি, বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়ন

লালন সাঁই-এর তিরোধান দিবস উপলক্ষ্যে বরিশাল জেলা শিল্পকলা একাডেমির লালন স্মরণানুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার খলিল আহমেদ, আলোচনা করছেন কবি-গবেষক পথিক মোস্তফা -**কীর্তনখোলা**

যুবসমাজকে মাদকমুক্ত ও কর্মসংস্থানমুখী করতে চান প্রধানমন্ত্রী: রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট

প্রধানমন্ত্রী তারেক রহমান যুবসমাজকে মাদকের ভয়াবহ ছোবল থেকে রক্ষা করে কর্মসংস্থানমুখী করতে চান বলে জানিয়েছেন বিএনপির নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। তিনি বলেন, তরুণদের খেলাধুলা ও ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার মাধ্যমে একটি সুস্থ, সুন্দর ও সমৃদ্ধ সমাজ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন। শনিবার (১৭ অক্টোবর) বিকেলে বরিশাল সদর উপজেলার টুঙ্গিবাড়িয়া ইউনিয়নের বি কে স্কুল প্রিমিয়ার লীগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ সময় আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বলেন, যুবসমাজ দেশের সম্পদ ও ভবিষ্যৎ নেতৃত্ব। এই তরুণ প্রজন্মকে মাদক থেকে দূরে রেখে খেলাধুলা, শিক্ষা ও কর্মসংস্থানমুখী কর্মকাণ্ডে সম্পৃক্ত করতে হবে। তরুণদের মেধা, যোগ্যতা ও কর্মশক্তিকে কাজে লাগাতে পারলে দেশ আরও এগিয়ে যাবে। এ জন্য যুবসমাজের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং ক্রীড়াচর্চার পরিবেশ গড়ে তোলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন, খেলাধুলা তরুণদের শারীরিক ও মানসিক

২ এর পাতায় দেখুন

বাংলাদেশ সবার, ধর্মীয় বৈষম্য থাকবে না: নৌপ্রতিমন্ত্রী রাজীব আহসান

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশে মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টানদের মধ্যে কোনো বৈষম্য থাকবে না বলে মন্তব্য করেছেন নৌপরিবহন ও সেতু প্রতিমন্ত্রী রাজীব আহসান। তিনি বলেছেন, বাংলাদেশ আপনার, আমার, সবার। আমরা সবাই এ দেশের নাগরিক। সবাই মিলেমিশে একসঙ্গে বসবাস করব। বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলায় সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন তিনি। এ সময় উপজেলার বিভিন্ন মন্দির পরিদর্শন করেন প্রতিমন্ত্রী। রাজীব আহসান বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনায় শারদীয় দুর্গোৎসব উপলক্ষে সারা দেশে সনাতন ধর্মাবলম্বীদের নিরাপত্তা নিশ্চিত

২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

শ্রমবাজারে বৈচিত্র্য আনা জরুরি

দেশের অর্থনীতি নানামুখী চ্যালেঞ্জ মোকাবেলা করছে। বেসরকারি খাতে ঋণপ্রবাহের ধীরগতি, বিনিয়োগে অনিশ্চয়তা, শিল্প খাতে স্থবিরতা এবং লাগামহীন মূল্যস্ফীতি–সামগ্রিক অর্থনৈতিক সংকটকে সামনে আনছে। এমন চতুর্মুখী সংকটের মধ্যেও প্রবাস আয়ের ইতিবাচক ধারা অব্যাহত ছিল। বলা যায়, ঘোর সংকটকালে এটিই ছিল স্বস্তির সূচক। কিন্তু সৌদি আরবে যুদ্ধ পরিস্থিতিতে সেই প্রবাস আয় নিয়েও অনিশ্চয়তা দেখা দিয়েছে। সাম্প্রতিক সময়ে সৌদি আরব ও ইয়েমেনের হুতিদের মধ্যে নতুন করে উত্তেজনা শুরু হয়েছে। হুতিদের ধারাবাহিক হামলায় সৌদি আরবের বিমানবন্দরসহ গুরুত্বপূর্ণ স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। সৌদি আরবে অবস্থানরত বাংলাদেশিরাও হতাহত হয়েছেন। এমন পরিস্থিতিতে সৌদি আরবের শ্রমবাজার নিয়ে বড় ধরনের অনিশ্চয়তা দেখা দিয়েছে। চলমান সংঘাত দীর্ঘস্থায়ী হলে আমাদের প্রবাস আয় সংকুচিত হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। প্রকাশিত খবরে বলা হয়েছে, হামলার কারণে আকাশপথ বন্ধ–এ কারণে ঢাকা থেকে অন্তত ১০০ ফ্লাইট বাতিল করা হয়েছে। এতে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে দেড় হাজারের বেশি সৌদিগামী যাত্রী আটকা পড়েছেন। তাঁদের মধ্যে অনেক প্রবাসী কর্মীর ভিসার মেয়াদ শেষ হওয়ার পথে, আবার অনেকের ছুটি শেষ হয়ে আসছে। সময়মতো গন্তব্যে পৌঁছতে না পারলে চাকরি, ভিসা ও কর্মস্থলে যোগদান নিয়ে অনিশ্চয়তায় রয়েছেন তাঁরা। বিশেষজ্ঞমহল মনে করছে, সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত এই আটকে পড়া শ্রমিকের পাশে দাঁড়ানো। এ বিষয়ে ব্র্যাকের সহযোগী পরিচালক (মাইগ্রেশন) শরিফুল ইসলাম হাসান যথার্থই বলেছেন, ‘বর্তমান পরিস্থিতি মোকাবেলায় পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে সার্বক্ষণিক কৌশলগত সেল গঠন করা প্রয়োজন। আটকে পড়া কর্মীদের তালিকা তৈরি, ভিসার মেয়াদ বাড়ানো, জরুরি সহায়তা এবং বিকল্প যাত্রাপথের ব্যবস্থা করতে পারে এই সেল। সংঘাত দীর্ঘ হলে কর্মীদের নিরাপত্তা, দেশে ফিরে আসা শ্রমিকদের পুনর্বাসন এবং নতুন কর্মসংস্থানের সুযোগ নিয়েও আগাম পরিকল্পনা থাকা দরকার।’ বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে দেশে রেমিট্যান্স এসেছে ৩৫.৫৯ বিলিয়ন ডলার। আগের অর্থবছরে এসেছিল ৩০.৩৩ বিলিয়ন ডলার। এক বছরে প্রবাস আয় বেড়েছে ১৭.৩০ শতাংশ। তবে আমাদের প্রবাস আয়ের বড় অংশ ঘুরেফিরে মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের ওপর নির্ভরশীল। এর মধ্যে সৌদি আরব সবচেয়ে গুরুত্বপূর্ণ। গত অর্থবছরে দেশটি থেকে এসেছে মোট রেমিট্যান্সের ১৬.১৩ শতাংশ। অর্থনীতি বিশ্লেষকরা বলছেন, এই নির্ভরতা অর্থনীতির জন্য একই সঙ্গে শক্তি আবার ঝুঁকিও বটে। বেশ কিছুদিন থেকেই বিশেষজ্ঞমহল দেশে শ্রমবাজারে বৈচিত্র্য আনার পরামর্শ দিয়ে আসছে। গত বুধবার একটি অনুষ্ঠানে রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরও এ বিষয়ে জোর দিয়েছেন। তিনি বলেন, মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতি বাংলাদেশের সামনে নতুন চ্যালেঞ্জ তৈরি করেছে। এই প্রেক্ষাপটে শ্রমবাজারে বৈচিত্র্য আনতে ইউরোপ ও এশিয়ার অন্যান্য দেশে কর্মসংস্থানের সুযোগ বাড়াতে হবে।

গণভোটের রায় কার্যকরসহ

দাবি জানিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটি স্পষ্ট জানিয়েছে, বর্তমান সংবিধান সংশোধন কমিটিতে তারা অংশ নেবে না। শনিবার (১৭ অক্টোবর) বিকেলে এনসিপির কার্যালয়ে আয়োজিত এক জরুরি সংবাদ সম্মেলনে দলের তিন দফা দাবি তুলে ধরেন সদস্যসচিব আখতার হোসেন। জুলাই সনদ স্বাক্ষরের বর্ষপূর্তি উপলক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। আখতার হোসেন বলেন, গণভোটের রায় বাস্তবায়নে অবিলম্বে কার্যকর পদক্ষেপ নিতে হবে। একই সঙ্গে একদলীয় সংবিধান সংশোধন কমিটি বিলুপ্ত করে দ্রুত সংবিধান সংস্কার পরিষদ গঠন করতে হবে। তিনি আরও বলেন, একদলীয় সংবিধান সংশোধন কমিটিতে এনসিপির অংশ নেওয়ার কোনো সুযোগ নেই। এ বিষয়ে বিভ্রান্তি না ছড়াতেও সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান তিনি। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন এনসিপির রাজনৈতিক পর্ষদের সদস্য ও যুগ্ম আহ্বায়ক সারোয়ার তুষার, রাজনৈতিক পর্ষদের সদস্য সালেহ উদ্দিন সিফাত, যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিন এবং যুগ্ম সদস্যসচিব ফরিদুল হক।

বিরোধী দল রাজপথে

করেছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, দেশ যখন নানা সংকটের মধ্য দিয়ে যাচ্ছে, তখন গঠনমূলক ভূমিকা না রেখে বিরোধীরা জনগণকে বিভ্রান্ত করার অপচেষ্টায় লিপ্ত হয়েছে। শনিবার (১৭ অক্টোবর) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে দেশজুড়ে আওয়ামী লীগের পরিকল্পিত নৈরাজ্য ও চক্রান্তের প্রতিবাদে আয়োজিত এক বিক্ষোভ সমাবেশে তিনি এসব কথা বলেন। জাতীয়তাবাদী টেক্সটাইল ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (জেটেব) এ সমাবেশের আয়োজন করে। রুহুল কবির রিজভী বলেন, পত্রিকা খুললেই দেখা যায়, বিরোধী দলগুলোর কেবল ‘নাই নাই’ জিকির। দেশের উন্নয়ন কিংবা জনগণের কল্যাণে তাদের কোনো নজর নেই। নিজেদের দলীয় দ্বন্দ্ব ও ব্যর্থতা আড়াল করতেই তারা রাজপথে নামার নানা অজুহাত খুঁজছে এবং বিভিন্ন কর্মসূচির নামে নাটক সাজাচ্ছে। স্বৈরাচারী শাসনের পরিণতির কথা উল্লেখ করে বিএনপির এই নেতা বলেন, অন্যায় ও অপশাসন চালিয়ে কোনো শাসকই শেষ পর্যন্ত রক্ষা পায় না। ইতিহাস সাক্ষী, জনগণ রাজপথে জেগে উঠলে অপরাধী শাসকদের পালিয়ে যেতে হয়। এ দেশেও জোর করে ক্ষমতায় টিকে থাকা স্বৈরাচারী শক্তিকে পালিয়ে যেতে হয়েছে। শারদীয় দুর্গাপূজা প্রসঙ্গে রিজভী বলেন, দেশে হিন্দু সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজা শুরু হয়েছে। সর্বোচ্চ নিরাপত্তা, ধর্মীয় ভাবগাম্ভীর্য ও শান্তিপূর্ণ পরিবেশে এ উৎসব উদযাপন নিশ্চিত করতে বিএনপির সর্বস্তরের নেতাকর্মীদের সজাগ ও সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে। সনাতন ধর্মাবলম্বীরা যাতে নির্বিঘ্নে পূজা উদযাপন করতে পারেন, সে জন্য সারা দেশে দলের নেতাকর্মীরা সার্বক্ষণিক যোগাযোগ রাখছেন। আইনের শাসন প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, কোনো অন্যায়কারী পার পাবে না। এ দেশে আর বেইমানি ও হত্যার রাজত্ব চলতে দেওয়া হবে না। আইন ও আদালতের মাধ্যমে সব অপরাধের ন্যায়বিচার নিশ্চিত করা হবে। জেটেবের সভাপতি প্রকৌশলী মো. ফখরুল আলমের সভাপতিত্বে সমাবেশে আরও বক্তব্য দেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য রিয়াজ উদ্দিন মিশু, বাংলাদেশ নার্সেস অ্যাসোসিয়েশনের মহাসচিব জাহানারা সিদ্দীকা, জাতীয়তাবাদী সাংস্কৃতিক জোটের নেতা রকিবুল ইসলাম, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স অ্যাসোসিয়েশনের মহাসচিব কাজী সাখাওয়াত, স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি ডা. জাহিদুর রহমান এবং ছাত্রদলের সহসভাপতি ডা. তাওহিদুর রহমান আউয়ালসহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতারা।

ইস্ট বেঙ্গল রেজিমেন্ট না থাকলে

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। তিনি বলেছেন, ‘ইস্ট বেঙ্গল রেজিমেন্ট যদি পাকিস্তানের বিরুদ্ধে সেই প্রতিরোধ শুরু না করত, তাহলে এ দেশ এখনো পাকিস্তানই থাকত।’ শনিবার (১৭ অক্টোবর) রাজধানীর এসকেএস টাওয়ারে ১ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট (সিনিয়র টাইগার্স) কর্তৃক আয়োজিত ‘সিনিয়র টাইগার্সের অবসরপ্রাপ্ত সদস্যদের পুনর্মিলনী-২০২৬’ শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, ইস্ট বেঙ্গল রেজিমেন্ট বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাসে একটি গৌরবময় নাম। ১৯৪৮ সালে ইস্ট বেঙ্গল রেজিমেন্ট গঠিত হয়। ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধ ও মহান মুক্তিযুদ্ধে অনন্য অবদানের জন্য ইস্ট বেঙ্গল রেজিমেন্ট সবচেয়ে বেশি বীরোচিত সাহসিকতার পুরস্কার লাভ করে। হাফিজ উদ্দিন আহমদ আরও বলেন, ‘১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ ছিল একটি প্রকৃত জনতার যুদ্ধ, পুরো জাতির যুদ্ধ। ’৭১-এর যুদ্ধ যারা দেখেনি, তারা জাতির সবচেয়ে গৌরবান্বিত ইতিহাস দেখেনি। শ্রেণি-পেশানির্বিশেষে এ দেশের আপামর জনগণ সেই মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিল। ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সৈনিকদের জীবন ছিল অত্যন্ত রোমাঞ্চকর। প্রতি মুহূর্তে যুদ্ধজয়ের বিজয়োল্লাস এবং মৃত্যুর সন্ধিক্ষণে থেকে তারা সাহসিকতার সাথে যুদ্ধ চালিয়ে গিয়েছিল।’ স্পিকার উল্লেখ করেন যে ১ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট পাক-হানাদার বাহিনীর বিরুদ্ধে প্রথম বিদ্রোহ ঘোষণা করে এবং মহান স্বাধীনতার স্থপতি মেজর জিয়াউর রহমান স্বাধীনতার ঘোষণা প্রদান করেন। বাঙালি জাতির অস্তিত্ব টিকিয়ে রাখার সেই কঠিন যুদ্ধে ইস্ট বেঙ্গল রেজিমেন্টই সামনে থেকে নেতৃত্ব দিয়েছিল। অনুষ্ঠানে ১ম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের সাথে নিজের সামরিক জীবনের ফেলে আসা দিনগুলোর স্মৃতিচারণ করতে গিয়ে স্পিকার একপর্যায়ে আবেগাক্রান্ত হয়ে পড়েন। অসীম সাহসিকতা এবং ধৈর্যের সাথে মহান মুক্তিযুদ্ধের সম্মুখসমরে অংশগ্রহণের মাধ্যমে জাতির গৌরবগাথায় নিজের নাম জড়ানোর অমলিন ইতিহাস তিনি উপস্থিত সবার সামনে তুলে ধরেন। বক্তব্য শেষে ইস্ট বেঙ্গল রেজিমেন্টের গৌরবময় ইতিহাস এবং মুক্তিযুদ্ধে এর অত্যন্ত গুরুত্বপূর্ণ অধ্যায়ের ওপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এরপর সিনিয়র টাইগার্সদের পক্ষ থেকে স্পিকারকে সম্মাননা ক্রেস্ট দেওয়া হয়। অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত ইস্ট বেঙ্গল রেজিমেন্টের অবসরপ্রাপ্ত সেনাসদস্য, ঊর্ধ্বতন সেনা কর্মকর্তারা, বিশিষ্ট অতিথি এবং গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

উচ্চশিক্ষার মাধ্যমে কর্মক্ষম

তৈরির আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শনিবার (১৭ অক্টোবর) সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান রেজাউল করিমের নেতৃত্বে একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতির সঙ্গে বঙ্গভবনে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। এসময় সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি বলেন, সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রধান লক্ষ্য হওয়া উচিত দেশের কর্মসংস্থান উপযোগী দক্ষ জনশক্তি গড়ে তোলা। তিনি বলেন, সেজন্য উচ্চ শিক্ষা ব্যবস্থাকে সমন্বিত ও সামগ্রিক পদ্ধতিতে সাজাতে হবে, যাতে তা দেশের ও বিদেশের শ্রমবাজারকে উপযোগী দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে পারে। কেউ যাতে বেকার না থাকে। গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা খরচ মওকুফ করার জন্য বেসরকারি বিশ্ববিদ্যালয়কে আহ্বান জানান রাষ্ট্রপতি। তিনি বলেন, দেশের বিভিন্ন শিল্প, কলকারখানা, করপোরেট সংস্থা ও বিশেষায়িত প্রতিষ্ঠান এমনকি বেসরকারি বিভিন্ন সংস্থা পরিচালনার জন্য বিদেশ থেকে কর্মী আনতে হচ্ছে। অথচ দেশে অসংখ্য উচ্চশিক্ষিত বেকার রয়েছে। এজন্য তিনি বিশ্ববিদ্যালয়গুলোকে কারিগরি, প্রকৌশল ও প্রযুক্তি বিষয়ে আধুনিক ও উচ্চ মানসম্পন্ন শিক্ষা দেওয়ার ওপর জোর দিতে বলেন। এছাড়া, তিনি শিল্প ও করপোরেট প্রতিষ্ঠানকে যথাযথ প্রশিক্ষণ দিয়ে উপযুক্ত ও কর্মক্ষম কর্মী তৈরি করার পরামর্শ দেন। সাক্ষাৎকালে বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান রাষ্ট্রপতিকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক অ্যাকাডেমিক কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি জানান, বিশ্ববিদ্যালয়টিকে অনেকটা দাতব্য ও অলাভজনক শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচালনা করার চেষ্টা করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়টি প্রতিবছর গড়ে প্রায় ৩২ কোটি টাকা মেধাবী, অসচ্ছল ও বিশেষ কোটার শিক্ষার্থীদের জন্য টিউশন ফিতে বিভিন্ন হারে ওয়েভার বা বৃত্তি দেয়। ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান আসন্ন সমাবর্তন অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য রাষ্ট্রপতিকে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি আমন্ত্রণ গ্রহণ করেন এবং অনুষ্ঠানে উপস্থিত থাকার আশ্বাস দেন। সাক্ষাৎকালে অন্যান্যের মধ্যে রাষ্ট্রপতির সামরিক সচিব, প্রেস সচিব এবং বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য সচিব, সদস্য, উপ-উপাচার্য, রেজিস্ট্রার ও উপদেষ্টা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সবার, ধর্মীয় বৈষম্য থাকবে

করতে সরকারি নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় আইনশৃঙ্খলামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। সনাতন ধর্মাবলম্বীদের উদ্দেশে তিনি আরও বলেন, আপনারা সব সময় বিএনপি সরকারের আমলে নিরাপদ ছিলেন, আগামীতেও নিরাপদ থাকবেন। মন্দির পরিদর্শনকালে অর্থনৈতিকভাবে অসচ্ছল হিন্দু নারীদের মধ্যে তিনটি মন্দিরে মোট ৩৫০টি উন্নতমানের শাড়ি বিতরণ করেন প্রতিমন্ত্রী। তিনি বিকেল থেকে মেহেন্দিগঞ্জ উপজেলার ১১ নম্বর চাঁনপুর ইউনিয়নের কাশিপুর সার্বজনীন শ্রীশ্রী দুর্গা মন্দির, পৌরসভার পাতারহাট বন্দরের উত্তর বাজারের জগন্নাথ জিউর মন্দির এবং ৯ নম্বর ওয়ার্ডের চুনারচর এলাকার শ্রীশ্রী মদনমোহন মন্দির পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. রিয়াজুর রহমান, উপজেলা বিএনপির আহ্বায়ক গিয়াস উদ্দিন দীপেন, সদস্যসচিব শিহাব আহমেদ সেলিম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান মুক্তা, পৌরসভা বিএনপির আহ্বায়ক রিয়াজ শাহীন লিটন ও সদস্যসচিব রিয়াজউদ্দিন চৌধুরী দিনু মিয়া। এ ছাড়া উপস্থিত ছিলেন বরিশাল জেলা উত্তর যুবদলের আহ্বায়ক সালাউদ্দিন পিপলু, উপজেলা যুবদলের আহ্বায়ক নাঈম ইসলাম তুহিন, পৌর যুবদলের আহ্বায়ক আমিনুল ইসলাম মামুন ও সদস্যসচিব আমজাদ পোদ্দার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ফখরুল ইসলাম সোহেল, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আমিনুল ইসলাম শিপন ও সদস্যসচিব আমিনুল ইসলাম রবিন এবং উপজেলা ছাত্রদলের সদস্যসচিব জুবায়ের মাহমুদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের মেহেন্দিগঞ্জ উপজেলা শাখার আহ্বায়ক বাবু সুভাষ দাস, মেহেন্দিগঞ্জ পূজা উদযাপন কমিটির আহ্বায়ক দীপঙ্কর মৃধাসহ বিভিন্ন মন্দির পরিচালনা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক।

যুবসমাজকে মাদকমুক্ত ও কর্মসংস্থানমুখী

বিকাশের পাশাপাশি শৃঙ্খলাবোধ, পারস্পরিক সম্প্রীতি ও নেতৃত্বের গুণাবলি তৈরি করে। তাই মাদকমুক্ত সমাজ গঠনে নিয়মিত খেলাধুলার আয়োজন ও তরুণদের মাঠমুখী করা প্রয়োজন। টুঙ্গিবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি আলহাজ মো. মাহবুবুল আলম খন্দকার বাবুলের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো. হেলাল সিকদার, সদর উপজেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক অলিউর রহমান অলি, ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. নুরুল ইসলাম খান নয়ন, শাখাওয়াত হোসেন শাহীনসহ বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বরিশাল সদর উপজেলা বিএনপির সদস্য মাহমুদুল হাসান রনি মৃধা। এদিকে, একই দিন সন্ধ্যায় আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ বরিশাল মহানগরীর বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন করেন। এ সময় তিনি সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও মতবিনিময় করেন।

মেহেন্দিগঞ্জে দুর্গাপূজার বরাদ্দে

যুবদলের কর্মী বলে স্থানীয় সূত্রে জানা গেছে। অভিযোগ অনুযায়ী, গত বুধবার (১৪ অক্টোবর) উপজেলা পরিষদে বরাদ্দপত্র বিতরণের সময় তারা মন্দিরগুলোর বরাদ্দপত্র (ডিও) নিজেদের নিয়ন্ত্রণে নেন। পরে চাল বিক্রি করে মণ্ডপগুলোর প্রতিনিধিদের হাতে অর্থ তুলে দেন। এর আগে গত শনিবার (১০ অক্টোবর) উপজেলার মাল্টিপারপাস হলরুমে সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে মতবিনিময় সভায় নৌপরিবহন প্রতিমন্ত্রী রাজীব আহসান নিজস্ব তহবিল থেকে মণ্ডপপ্রতি এক হাজার ৫০০ কেজি এবং সরকারি বরাদ্দ থেকে ৬০০ কেজি–মোট দুই হাজার ১০০ কেজি চাল দেওয়ার ঘোষণা দেন। প্রতিমন্ত্রী নির্দেশনা দিয়েছিলেন, কোনো মধ্যস্বত্বভোগী ছাড়াই বরাদ্দপত্র সরাসরি মন্দির কমিটির হাতে হস্তান্তর করতে হবে। এতে কমিটিগুলো বাজার যাচাই করে নিজেদের সিদ্ধান্ত অনুযায়ী চাল বিক্রি করতে পারবে। এ সিদ্ধান্তের ভিত্তিতে উপজেলার ২৩টি মন্দিরের নামে চাল বরাদ্দ দেওয়া হয়। নির্দেশনা অনুযায়ী বরাদ্দপত্র বিতরণের জন্য গত বুধবার মন্দির কমিটির নেতাদের উপজেলা পরিষদে আহ্বান করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রিয়াজুর রহমান। তবে অভিযোগ উঠেছে, সেখানে উপস্থিত হয়ে কল্যাণ ফ্রন্টের সভাপতি সুভাস দাস ও সাধারণ সম্পাদক আপন সুর বরাদ্দপত্রগুলো নিজেদের নিয়ন্ত্রণে নেন। এ নিয়ে প্রতিবাদ জানালে শ্রী শ্রী মদনমোহন পূজামণ্ডপ কমিটির সভাপতি সুমিত কুমার দাসের সঙ্গে আপন সুরের বাগ্‌বিতণ্ডা হয়। সুমিত কুমার দাস বলেন, ‘কল্যাণ ফ্রন্টের নেতারা চাল বিক্রি করে আমাদের হাতে মাত্র ৬৯ হাজার টাকা দিয়েছেন। বাজারে চালের দাম কেজিপ্রতি ৪০ টাকার বেশি হলেও তাঁরা ৩৩ টাকা দরে হিসাব করেছেন। চাল বিক্রির দায়িত্ব তাঁদের না থাকলেও প্রতিটি মন্দির থেকে বড় অঙ্কের টাকা কেটে নেওয়া হয়েছে। তবে ঝামেলা এড়াতে আমরা নিরিবিলি থাকতে চাই।’ একই ধরনের অভিযোগ করেছেন শ্রী শ্রী কালাচাঁদ মন্দির পূজা উদযাপন কমিটির সভাপতি সঞ্জিব পাল। তিনি জানান, কল্যাণ ফ্রন্টের নেতারাই চালের দাম নির্ধারণ করে মণ্ডপগুলোর কাছে টাকা পৌঁছে দিয়েছেন।তবে অভিযোগ অস্বীকার করে নয়, বরং নিজেদের অবস্থান ব্যাখ্যা করে কল্যাণ ফ্রন্টের উপজেলা সভাপতি সুভাস দাস বলেন, ‘অধিকাংশ মন্দির কর্তৃপক্ষ সরাসরি চাল নিতে রাজি না হওয়ায় আমরা চার-পাঁচজন পাইকারের সঙ্গে কথা বলে ৩৩ টাকা কেজি দরে চাল বিক্রি করেছি। সে হিসাবে প্রতিটি মণ্ডপের ৬৯ হাজার ৩০০ টাকা পাওয়ার কথা, যা বুঝিয়ে দেওয়া হয়েছে। আমরা শুধু সহায়তার উদ্দেশ্যে দলীয়ভাবে এ কাজে যুক্ত হয়েছিলাম।’ উপজেলা বিএনপির সভাপতি গিয়াসউদ্দিন দিপেন বলেন, ‘প্রতিমন্ত্রী সনাতন ধর্মাবলম্বীদের সুবিধার্থে বরাদ্দপত্র সরাসরি মন্দির কমিটির হাতে দেওয়ার নির্দেশ দিয়েছিলেন। তবে সেই নির্দেশ যথাযথভাবে কার্যকর হয়েছে কি না, তা আমার জানা নেই।’ এ বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের উপসহকারী প্রকৌশলী তৌফিকুর রহমান বিপ্লব বলেন, রেজুলেশন অনুযায়ী ২৩টি মন্দিরের মূল কমিটির কাছেই বরাদ্দপত্র হস্তান্তরের কথা। অন্য কোনো সংগঠনের এ ক্ষেত্রে হস্তক্ষেপ করার আইনি সুযোগ নেই। মন্দির কমিটিগুলোর অভিযোগ ও কল্যাণ ফ্রন্টের সভাপতির বক্তব্যের মধ্যে বরাদ্দের অর্থ নিয়ে অসংগতি দেখা দিয়েছে। তবে বরাদ্দপত্র হস্তান্তর, চাল বিক্রির প্রকৃত দর এবং অর্থ বণ্টনে কোনো অনিয়ম হয়েছে কি না, তা সংশ্লিষ্ট প্রশাসনের তদন্তে নিশ্চিত হওয়া প্রয়োজন।

ছোট ভাইকে কুপিয়ে হত্যা মামলার

ফিরোজা বেগম কাঁঠালিয়া থানায় একটি হত্যা মামলা করেন। ওই মামলায় প্রায় দুই বছর কারাভোগের পর এক বছর আগে জামিনে মুক্তি পেয়েছিলেন নুরুল ইসলাম। স্বজনরা জানান, শুক্রবার (১৬ অক্টোবর) মামলার বাদী ও নিহতের বোন ফিরোজা বেগম জমি বিক্রি করার উদ্দেশ্যে নুরুল ইসলামের বাড়িতে আসেন। এ সময় নুরুল ইসলাম মামলাটি তুলে নেয়ার অনুরোধ জানালে দুই ভাই বোনের মধ্যে বাগ্‌বিতণ্ডা হয়।স্বজনরা আরো জানান, শনিবার সকাল ১০টা থেকে বেলা সাড়ে ১১টার মধ্যে কোনো এক সময় বসতবাড়ির দক্ষিণ পাশে এক প্রতিবেশীর আমগাছের ডালের সাথে গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেন নুরুল ইসলাম। পরে স্থানীয় বাসিন্দারা তার ঝুলন্ত লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দেন। নিহতের ছেলে অটোচালক সাকিব হাওলাদার ও স্ত্রী পাখি বেগম জানান, দীর্ঘদিনের মামলা-মোকদ্দমা ও পারিবারিক মানসিক চাপের কারণে হয়তো নুরুল ইসলাম আত্মহত্যার পথ বেছে নিয়েছেন। কাঁঠালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু নাছের রায়হান বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করেছে। ময়নাতদন্তের জন্য লাশ ঝালকাঠি সদর হাসপাতাল মর্গে পাঠানোর প্রক্রিয়া চলছে। আইনগত পদক্ষেপ প্রক্রিয়াধীন রয়েছে।

বরগুনার একই পরিবারের

কক্সবাজারে বেড়াতে গিয়ে ওই রিসোর্টে অবস্থান করছিলেন। নিহত অন্যরা হলেন- তার বড় বোন ফারিহা কবির, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থী মেলিতা মেহেজাবিন আলভি, কাজিন লায়লা জাহান নাবিলা (জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী), কাজিন মালিহা মিলা ও ভাগ্নে শিশু ফাইজান আহাম্মেদ। এদিকে এ ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন, “এ ধরনের মৃত্যু অত্যন্ত দুঃখজনক ও বেদনাদায়ক। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার গভীরভাবে শোকাহত।” তিনি নিহতদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান। একই সাথে অগ্নিকাণ্ডের সঠিক কারণ চিহ্নিত করে দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। ফায়ার সার্ভিস জানিয়েছে, এ ঘটনায় আরও কয়েকজন গুরুতর আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। মৃতের সংখ্যা বাড়তে পারে। অগ্নিকাণ্ডের কারণ অনুসন্ধানে কাজ করছে ফায়ার সার্ভিস ও স্থানীয় প্রশাসন। মর্মান্তিক এই দুর্ঘটনায় দক্ষিণ চুনাখালী গ্রামে পরিবারের মাঝে শোকের ছায়া নেমে এসেছে।

স্ত্রী-সন্তানসহ ৬ স্বজনকে হারানোর

ও এক ভাই। তবে অফিসের কাজ থাকায় শুক্রবার তাদের সেখানে রেখে চুয়াডাঙ্গায় ফিরে আসেন নুর আলম। শনিবার সকালে অগ্নিকাণ্ডের খবর পেয়ে তিনি আবার ঢাকায় ছুটে যান। মোবাইলফোনে কান্নাজড়িত কণ্ঠে নুর আলম বলেন, শনিবার তাদের কক্সবাজার থেকে ফিরে আসার কথা ছিল। কীভাবে রিসোর্টে আগুন লেগেছে, তা তিনি জানেন না। আগুনে আটকা পড়ে স্ত্রী, সন্তানসহ ছয়জনের মৃত্যু হয়েছে। তবে শোকের কারণে তিনি আর কথা বলতে পারছিলেন না। তিনি জানান, তার স্ত্রী ফারিহা কবির অসুস্থ ছিলেন। স্বাভাবিকভাবে চলাফেরা করতে অন্যের সহায়তা নিতে হতো তাকে। এ কারণে পরিবারের সদস্যরা একসঙ্গে কক্সবাজারে গিয়েছিলেন, যাতে তার দেখাশোনা করতে সুবিধা হয়। কিন্তু সেই ভ্রমণই পরিবারের জন্য এমন মর্মান্তিক পরিণতি বয়ে আনবে, তা কল্পনাও করেননি তারা। নুর আলমের সাত বছরের সন্তান ফায়িজান আহম্মেদ চুয়াডাঙ্গার প্রদীপন মাধ্যমিক বিদ্যাপীঠের দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী ছিল। যে বয়সে স্কুল, খেলাধুলা আর পরিবারের সান্নিধ্যে দিন কাটানোর কথা, সেই বয়সেই আগুন কেড়ে নিল তার প্রাণ। শনিবার সকালে কক্সবাজারের উখিয়ার ইনানীতে মেরিন ড্রাইভ সড়কসংলগ্ন পাটুয়ারটেক সৈকত এলাকার কাঠের তৈরি টুপটুপ রিসোর্ট অ্যান্ড রেস্টুরেন্টে আগুন লাগে। ফায়ার সার্ভিসের তথ্য অনুযায়ী, সকাল সাড়ে ৭টার দিকে অগ্নিকাণ্ডের সূত্রপাত। এ ঘটনায় ১০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। আহত হয়েছেন আরও কয়েকজন। এদিকে চুয়াডাঙ্গা পৌর এলাকার দক্ষিণ হাসপাতালপাড়ায় নুর আলমের ভাড়া বাসায় গিয়ে দেখা যায়, তাদের কক্ষটি তালাবদ্ধ। আট বছর ধরে যে বাড়িতে স্ত্রী-সন্তানকে নিয়ে বসবাস করছিলেন, সেই বাড়িটি এখন তাদের অনুপস্থিতিতে নিস্তব্ধ। বাড়ির মালিক হারুন আর রশিদ জানান, নুর আলম আট বছর ধরে তার বাড়ির তৃতীয় তলায় স্ত্রী-সন্তান নিয়ে ভাড়া থাকতেন। তারা খুবই ভালো মানুষ। অগ্নিকাণ্ডের খবর পেয়ে নুর আলম ঢাকায় শ্বশুরবাড়িতে চলে গেছেন। ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক।

বরিশালে ১৮ জন

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। সম্মেলনে দেশের বিভিন্ন অঞ্চলের মৃৎশিল্পের ঐতিহ্য, বৈচিত্র্য ও কারুশৈলী তুলে ধরা হয়। এ উপলক্ষে মৃৎশিল্পীদের তৈরি বিভিন্ন ধরনের মৃৎপাত্র, মনসার ঘট, পুতুল, শখের হাঁড়ি, মাটির খেলনাসহ অন্যান্য ঐতিহ্যবাহী শিল্পসামগ্রী প্রদর্শিত হয়। অনুষ্ঠানে গবেষক, শিল্পী, সংস্কৃতিকর্মী, শিক্ষাবিদ ও বিশিষ্টজনেরা অংশ নেন। সম্মেলনে অংশ নেওয়া মৃৎশিল্পীরা সম্মাননা পেয়ে সন্তোষ প্রকাশ করেন। তবে কালের বিবর্তনে হারিয়ে যেতে বসা এ শিল্পকে টিকিয়ে রাখতে সরকারের প্রত্যক্ষ সহযোগিতা দাবি করেন তাঁরা। অনুষ্ঠানে আসা দর্শনার্থীরা জানান, দীর্ঘ ১৭ বছর ধরে চলে আসা এ ধরনের উদ্যোগ নতুন প্রজন্মকে মাটির সংস্কৃতির সঙ্গে পরিচিত করছে। ঐতিহ্যকে বাঁচিয়ে রাখতে ও সন্তানদের পরিচিত করাতেই তাঁরা এখানে এসেছেন। অতিথিরা তাঁদের বক্তব্যে বলেন, মৃৎশিল্পকে টিকিয়ে রাখতে সাধারণ মানুষকে মাটির তৈরি জিনিসপত্রের ব্যবহার বাড়াতে হবে। এ ধরনের আয়োজন প্রচার ও প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

‘জয় বাংলা’ স্লোগানে মিছিল: বাউফলের সাবেক মেয়রসহ ১৪ জন রিমান্ডে

কীর্তনখোলা রিপোর্ট

রাজধানীর গুলশানে ‘জয় বাংলা’ স্লোগানে মিছিলের ঘটনায় সন্ত্রাসবিরোধী আইনে করা মামলায় পটুয়াখালীর বাউফল পৌরসভার সাবেক মেয়র জিয়াউল হক ওরফে জুয়েলসহ ১৪ আসামির তিন দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। শনিবার (১৭ অক্টোবর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রিপন হোসেন তদন্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ দেন। প্রসিকিউশন বিভাগের এসআই মোক্তার হোসেন রিমান্ডের বিষয়টি নিশ্চিত করেছেন। রিমান্ডে নেওয়া অন্য আসামিরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্দীন হল ছাত্রলীগের সাবেক সভাপতি শাহ্ মোস্তফা আলমগীর, তরিকুল ইসলাম টুটুল, জুলহাস মন্ডল সাকি, দেলোয়ার হোসেন জিসান, শেখ শহিদুল ইসলাম বাবু সরদার, রায়হান পারভেজ রুবেল, হারুন বাসার, বাবু শেখ, মো. খলিল, ফরিদ আহাম্মদ কাঞ্চন, রুহুল আমিন ফারাজি, মেজবাহ উদ্দিন খান ও আরিফুল ইসলাম। আসামিরা গ্রেফতারের পর কারাগারে ছিলেন। মামলার তদন্ত কর্মকর্তা গুলশান থানার উপপরিদর্শক (এসআই) রুহুল আমিন তাদের সাত দিনের রিমান্ড চেয়ে আবেদন করেন। শনিবার শুনানির জন্য তাদের আদালতে হাজির করা হলে বিচারক ১৪ আসামির তিন দিনের রিমান্ড মঞ্জুর করেন। মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ১১ সেপ্টেম্বর দুপুরে গুলশান-১ এলাকায় কয়েকশ লোকের অংশগ্রহণে একটি মিছিল হয়। পুলিশ মিছিলকারীদের ছত্রভঙ্গ করার চেষ্টা করলে তারা দুটি ককটেলের বিস্ফোরণ ঘটান। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশও দুই রাউন্ড রাবার বুলেট ছোড়ে। এ ঘটনায় গুলশান থানার এসআই মো. মাহবুব হোসাইন বাদী হয়ে ওই দিনই সন্ত্রাসবিরোধী আইনে মামলা করেন। মামলায় ১১৮ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতনামা আরও ৮০ থেকে ১০০ জনকে আসামি করা হয়।

নতুন ভোটার ও এলাকা পরিবর্তনের আবেদন ৩১ অক্টোবর পর্যন্ত

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে নতুন ভোটার নিবন্ধন ও আবাসস্থল পরিবর্তনের কারণে ভোটার এলাকা পরিবর্তনের সুযোগ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এই দুই ধরনের আবেদনই আগামী ৩১ অক্টোবর পর্যন্ত করা যাবে। শনিবার (১৭ অক্টোবর) ইসি সচিবালয় থেকে এ-সংক্রান্ত পৃথক নির্দেশনা জারি করা হয়েছে। ইসির সিনিয়র সহকারী সচিব মো. নাসির উদ্দিন চৌধুরী স্বাক্ষরিত নির্দেশনায় উপজেলা ও থানা নির্বাচন কর্মকর্তা এবং রেজিস্ট্রেশন কর্মকর্তাদের নির্ধারিত সময়সূচি অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে। আঞ্চলিক ও জেলা নির্বাচন কর্মকর্তাদের এ কার্যক্রম তদারকির দায়িত্বও দেওয়া হয়েছে। ইসির নির্দেশনা অনুযায়ী, আবাসস্থল পরিবর্তনের কারণে ভোটার এলাকা পরিবর্তনের আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ৩১ অক্টোবর। দাখিল করা আবেদন ইস্যু করতে হবে ৩ নভেম্বরের মধ্যে। আর ভোটার স্থানান্তরের আবেদন নিষ্পত্তির শেষ তারিখ ৫ নভেম্বর। অন্যদিকে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের আওতায় ৫ নভেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে। তালিকায় কোনো ভুলত্রুটি থাকলে তা সংশোধনের জন্য দাবি, আপত্তি ও সংশোধনের আবেদন জমা দেওয়া যাবে ২০ নভেম্বর পর্যন্ত। এসব আবেদন নিষ্পত্তির শেষ সময় ২৩ নভেম্বর। আবেদনের বিষয়ে নেওয়া সিদ্ধান্ত তালিকায় সন্নিবেশ করা হবে ২৪ নভেম্বর। এরপর ২৫ নভেম্বর হালনাগাদ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। ইসির নির্দেশনায় বলা হয়েছে, ভোটার তালিকা আইন অনুযায়ী যোগ্যতা অর্জনের তারিখ ৩১ অক্টোবর ২০২৬ নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী, ২০০৮ সালের ৩১ অক্টোবর বা তার আগে জন্ম নেওয়া ব্যক্তিদের মধ্যে যারা ৩১ অক্টোবর পর্যন্ত ভোটার তালিকা ডেটাবেইসে নিবন্ধিত হয়েছেন বা হবেন, তাঁদের হালনাগাদ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। খসড়া ভোটার তালিকা প্রকাশের পর জনসাধারণকে তা পরিদর্শন এবং ভুলত্রুটি সংশোধনের আবেদন করার আহ্বান জানাতে মাঠপর্যায়ের কর্মকর্তাদের নির্দেশ দিয়েছে কমিশন। এ জন্য মসজিদ, মন্দিরসহ ধর্মীয় উপাসনালয়ে ইমাম ও পুরোহিতদের মাধ্যমে নামাজ বা প্রার্থনার আগে কিংবা পরে ঘোষণা দিতে বলা হয়েছে। পাশাপাশি স্থানীয় সাংবাদিক ও কেবল অপারেটরদের মাধ্যমে বিষয়টি প্রচারের ব্যবস্থা নিতে বলা হয়েছে। নির্দেশনায় আরও বলা হয়েছে, খসড়া ভোটার তালিকায় পুরুষের তালিকায় নারী ভোটার কিংবা নারীর তালিকায় পুরুষ ভোটার অন্তর্ভুক্ত হওয়া, ধর্ম-সংক্রান্ত ভুল এবং অন্য যেকোনো ধরনের ত্রুটি শনাক্ত হলে তা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। উল্লেখ্য, ইসি আগামী জানুয়ারি থেকে ইউনিয়ন পরিষদ নির্বাচন শুরু করার পরিকল্পনা নিয়েছে। এর আগে ভোটার তালিকা হালনাগাদ, নতুন ভোটার অন্তর্ভুক্তি এবং ভোটার এলাকা পরিবর্তনের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে চায় সাংবিধানিক প্রতিষ্ঠানটি।

ডেঙ্গুতে আরও ৭ জনের মৃত্যু, হাসপাতালে ১৮৭২

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে এ রোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৮৭২ জন। শনিবার (১৭ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৩৪২ জনের মৃত্যু হয়েছে।

সম্প্রীতি, শ্রদ্ধাবোধ ও ভ্রাতৃত্বের বন্ধন

সভাপতিত্বে অনুষ্ঠানে উপজেলা প্রশাসনের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ ও পূজা উদ্?যাপন কমিটির প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেন, ধর্ম-বর্ণ নির্বিশেষে সব মানুষের অধিকার ও মর্যাদা সমান। অসহায় ও দরিদ্র মানুষের পাশে দাঁড়ানো আমাদের নৈতিক দায়িত্ব। শারদীয় দুর্গাপূজা সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। এ উৎসবের আনন্দ সবার মাঝে ছড়িয়ে দিতে এবং অসহায় মানুষের মুখে হাসি ফোটাতে আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে। সমাজে সাম্প্রদায়িক সম্প্রীতি, পারস্পরিক শ্রদ্ধাবোধ ও ভ্রাতৃত্বের বন্ধন আরও সুদৃঢ় করতে হবে। ঈদের সময় মুসলমানদের পাশাপাশি হিন্দু সম্প্রদায়ের লোকদেরও শাড়ি, চাইল দিয়ে সহযোগিতা করা হয়েছে। এখন পূজা সময় কিন্তু কোন মুসলমানদের ডাকা হয়নি এবং তাদেরকে কোন সহযোগিতা করা হচ্ছে না। সরকার কতৃক যে কয়েটি শাড়ি বরাদ্দ দেওয়া হয়েছে তা সবই বিতরণ করা হবে কোনরূপ এদিক-সেদিক হবে না। ইতি মধ্য বাউফলের ৬৫ টি পূজা মন্ডপে ৬০০ কেজি করে চাউল দেওয়া হয়েছে। সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা সালেহ আহমেদ বলেন, উপজেলার অসহায় ও দুস্থ মানুষের পাশে দাঁড়াতে উপজেলা প্রশাসন আন্তরিকভাবে কাজ করছে। ধর্মীয় উৎসবগুলো যেন সবাই আনন্দ ও উৎসাহের সঙ্গে উদ্‌যাপন করতে পারেন, সে লক্ষ্যে সরকারের পক্ষ থেকে সহায়তা দেওয়া হচ্ছে। শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও আনন্দমুখর পরিবেশে উদ্?যাপনে প্রশাসনের পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত থাকবে। শান্তিপূর্ণভাবে পূজা উদযাপন করার জন্য রক্ষার প্রতিটি পূজা মন্ডপে ৮ জন করে আনসার ভিডিপির সদস্য নিয়োগ এবং পাশাপাশি প্রতিটিপূজা মন্ডপে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. রফিকুল ইসলাম, উপজেলা জামায়াতের আমির মাওলানা মোহাম্মদ রফিকুল ইসলাম, উপজেলা জামায়াতের সাধারণ সম্পাদক অধ্যাপক খালিদুর রহমান, বাউফল পৌরসভার পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি নিতাই চন্দ্রসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

চরফ্যাশন রেসিডেন্সিয়াল

আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট রমিজ উদ্দিন, ব্যাবস্থাপনা পরিচালক অ্যাডভোকেট রহমত উল্লাহ সেলিম, সহকারী ব্যাবস্থাপনা পরিচালক ওমর ফারুক। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “তোমরাই আগামীর বাংলাদেশ। লেখাপড়ার পাশাপাশি নৈতিকতা ও দেশপ্রেমে উজ্জীবিত হয়ে নিজেদের গড়ে তুলতে হবে। ভালো ফলাফলের পাশাপাশি ভালো মানুষ হওয়াটা বেশি জরুরি।” অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন কলেজের শিক্ষার্থীরা। এসময় কলেজের শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

বাবার পাশে ঘুমিয়ে থাকা নিখোঁজ

খালে কালো রঙের একটি ব্যাগ ভাসতে দেখেন তিনি। ব্যাগটির ওপর মাছি উড়তে দেখে সন্দেহ হলে সেটি তুলে খোলেন। এ সময় ব্যাগ থেকে রক্ত বেরিয়ে আসে। স্থানীয়রা জানান, ব্যাগটি তীরে তোলার পর সামান্য বাঁধন খুলতেই শিশুটির পা বেরিয়ে আসে। চারদিকে ছড়িয়ে পড়ে পচা দুর্গন্ধ। শিশুটির মাথা তখনো ব্যাগের ভেতরে ছিল। নিহতের পরিবারের দাবি, এ হত্যাকাণ্ডে রাইয়ানের আপন খালু আল-আমীন জড়িত। ঘটনার দিন ভোরে তাকে গামছা পরা অবস্থায় দেখা গেছে বলেও দাবি করেছেন স্বজনেরা। তবে অভিযোগের সত্যতা তদন্ত করে দেখা হচ্ছে কি না, সে বিষয়ে পুলিশের বক্তব্য পাওয়া যায়নি। কলাপাড়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো. তালেব বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসেছে। হত্যার কারণ উদঘাটনে তদন্ত চলছে। ইতোমধ্যে সিআইডির ক্রাইম সিন ইউনিটকে জানানো হয়েছে। তারা ঘটনাস্থলে এসে আলামত সংগ্রহ করবে। মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে। গত ১৫ অক্টোবর নিজ বাড়িতে বাবা রাসেল খানের সঙ্গে একই বিছানায় ঘুমিয়ে ছিল ১০ মাস বয়সী রাইয়ান। এ সময় তার মা ঘরের বাইরে সাংসারিক কাজে ব্যস্ত ছিলেন। হঠাৎ কুকুরের ডাক শুনে ঘরে ফিরে ছেলেকে আর খুঁজে পাননি তিনি। এ ঘটনায় ওই রাতেই শিশুটির মা বাদী হয়ে কলাপাড়া থানায় তার আপন বোনের স্বামী আল-আমীনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। পরে পুলিশ তাকে আটক করে।

হিজলায় কুরআন তিলাওয়াত

হক ভূঁইয়াসহ এ সময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, ধর্মীয় ব্যক্তিত্ব ও অন্যান্য অতিথিরা উপস্থিত ছিলেন। পবিত্র কুরআনের তিলাওয়াত চর্চায় উৎসাহ প্রদান এবং কুরআনের শিক্ষা ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা। ধর্মীয় মূল্যবোধ চর্চা, কুরআন শিক্ষার প্রসার এবং নতুন প্রজন্মকে পবিত্র কুরআনের প্রতি অনুরাগী করে তুলতে এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করেন সংশ্লিষ্টরা।

ফ্যামিলি কার্ড সরকারের নির্বাচনী

ও সুপারভাইজারদের সততা, নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, ফ্যামিলি কার্ড সরকারের নির্বাচনী ইশতেহারের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গীকার। এ কর্মসূচির আওতায় কার্ড বিতরণে কোনো ধরনের দলীয় বিবেচনা, পক্ষপাতিত্ব কিংবা অনিয়ম করা যাবে না। প্রকৃত উপকারভোগীদের চিহ্নিত করতে নিরপেক্ষভাবে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই করতে হবে। কোনো পরিবার যেন অযৌক্তিকভাবে বাদ না পড়ে, আবার অযোগ্য কেউ যেন তালিকায় অন্তর্ভুক্ত না হয়, সে বিষয়েও সতর্ক থাকতে হবে। তিনি আরও জানান, প্রাথমিকভাবে দেশের ১৪টি উপজেলায় ফ্যামিলি কার্ড কার্যক্রম শুরু হচ্ছে, যার মধ্যে নেছারাবাদ অন্যতম। পর্যায়ক্রমে দেশের সব যোগ্য পরিবারকে এ কর্মসূচির আওতায় আনার পরিকল্পনা রয়েছে। এর আগে শনিবার দুপুর ১২টায় নেছারাবাদ উপজেলা প্রশাসনের উদ্যোগে ফ্যামিলি কার্ড কার্যক্রমের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আশিক আহমেদের সভাপতিত্বে সভায় মাঠপর্যায়ে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই কার্যক্রম বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। সভায় ইউএনও মো. আশিক আহমেদ বলেন, ‘ফ্যামিলি কার্ড কর্মসূচি বাস্তবায়নে প্রকৃত উপকারভোগীদের সঠিকভাবে চিহ্নিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ জন্য মাঠপর্যায়ের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের সমন্বয়ের মাধ্যমে স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রেখে নির্ধারিত ৪৫ দিনের মধ্যে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাইয়ের কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে।’ সভায় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার রায়হান মাহমুদ, উপজেলা সমাজসেবা কর্মকর্তা সালাউদ্দিন শেখ, পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক মেয়র শফিকুল ইসলাম ফরিদ, উপজেলা বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম আহ্বায়ক নাসির উদ্দিন তালুকদার, পৌর বিএনপির সভাপতি কামাল কাজী, পৌর বিএনপির সাধারণ সম্পাদকসহ স্থানীয় সাংবাদিক, মাঠপর্যায়ের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজাররা। সংশ্লিষ্টরা আশা করছেন, নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠু ও নিরপেক্ষভাবে তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই সম্পন্ন হলে প্রকৃত উপকারভোগীদের চিহ্নিত করা সহজ হবে। এর মাধ্যমে সরকারি সহায়তা বণ্টনে স্বচ্ছতা নিশ্চিত করার পাশাপাশি অসহায় ও সুবিধাবঞ্চিত পরিবারগুলোর সামাজিক সুরক্ষা জোরদার হবে।

লেখালেখি করে পতন ঘটানো

অংশ হিসেবে ৬০০ কেজি করে চাল বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে। নুরুল হক আরও বলেন, প্রধানমন্ত্রীর কাে কোনো কিছু চাইতে হয় না। তিনি জনগণের মনের কথা বোঝেন। প্রতিমন্ত্রী বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া আইডি ব্যবহার করে কুৎসা রটিয়ে কোনো ফায়দা হবে না। লেখালেখি করে সরকারের পতন ঘটানো যাবে না। পাঁচ বছরের জন্য গঠিত এই সরকার তার মেয়াদ পূর্ণ করবে। সরকার দেশ ও জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণে কাজ করে যাচ্ছে। সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদ হাসান মৃধা, থানার ওসি আতিকুল ইসলাম, ঢাকা মহানগর গণ অধিকার পরিষদের উত্তর শাখার সহসভাপতি মিজানুর রহমান, জেলা গণ অধিকার পরিষদের সহসভাপতি কালাম পঞ্চাইত, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শাহ আলম শানু, গণ অধিকার পরিষদের সভাপতি আলতাফ আকন, যুবদলের সাবেক সাধারণ সম্পাদক শামিম খান এবং যুবঅধিকার পরিষদের সভাপতি ইমরান শাহিনসহ বিএনপি ও গণ অধিকার পরিষদের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

জুলাই সনদ বাস্তবায়নে তাদের বাধা

সমর্থনে এ সভার আয়োজন করা হয়। মাসুদ সাঈদী বলেন, গত ১২ ফেব্রুয়ারির জাতীয় সংসদ নির্বাচনে দেশি-বিদেশি ষড়যন্ত্রের কারণে জামায়াতে ইসলামীকে বিজয়ী হতে দেওয়া হয়নি। যে স্বপ্ন নিয়ে ছাত্র-জনতা ফ্যাসিবাদবিরোধী আন্দোলন করেছিল, বিএনপি ক্ষমতা গ্রহণের পর সেই স্বপ্নের কথা ভুলে গেছে। জুলাই সনদে স্বাক্ষর করার প্রতিশ্রুতির কথাও তারা ভুলে গেছে। তিনি বলেন, জুলাই সনদ বাস্তবায়িত হলে ফ্যাসিবাদ, চাঁদাবাজি ও জুলুমের সুযোগ থাকত না। অথচ সরকার সনদ বাস্তবায়ন না করে নানা ধরনের কথা বলছে। সরকার বারবার সনদ অক্ষরে অক্ষরে বাস্তবায়নের কথা বললেও বাস্তবে এর অগ্রগতি নিয়ে প্রশ্ন রয়েছে। জামায়াতের এই সংসদ সদস্য বলেন, আমরা জানতে চাই, জুলাই সনদ বাস্তবায়নে তাদের বাধা কোথায়? জুলাই সনদ বাস্তবায়িত হলে দাপট দেখানো, চুরি ও দুর্নীতি চিরতরে বন্ধ হয়ে যেত।’ নিজেদের অবস্থান তুলে ধরে তিনি আরও বলেন, দএমন কোনো মায়ের সন্তান নেই, যে বলতে পারবে–আমরা সরকারি বা অন্য কোনো পক্ষের কাছ থেকে দুর্নীতি করে একটি পয়সাও খেয়েছি।’ সভায় সভাপতিত্ব করেন সাবেক পুলিশ সুপার আব্দুর রশিদ। বিশেষ অতিথি ছিলেন জিয়ানগর উপজেলা জামায়াতের আমির মাওলানা আলী হোসেন ও শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মামুন হোসাইন। এ ছাড়া উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন জামায়াতের আমির মাওলানা খাইরুল বাশার, সাবেক ইউপি সদস্য মাওলানা আব্দুল হান্নানসহ উপজেলা জামায়াতের নেতাকর্মী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

সরকারকে বেকায়দায় ফেলতে জ্বালানির

তিনি। এ সময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে চিফ হুইপ বেশ কিছু গুরুত্বপূর্ণ ইস্যুতে সরকারের অবস্থান ও দিক নির্দেশনা স্পষ্ট করেন। বরগুনার পাথরঘাটায় জামায়াত নেতার ওপর হামলার ঘটনা প্রসঙ্গে চিফ হুইপ বলেন, ‘এ ঘটনায় যদি বিএনপির কোনো নেতাকর্মী জড়িত থাকে, তবে তার বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ও আইনি ব্যবস্থা নেয়া হবে। অপরাধীর কোনো রাজনৈতিক পরিচয় থাকবে না।’ সাম্প্রদায়িক সম্প্রীতি ও সংখ্যালঘুর ধারণার বিষয়ে তিনি বলেন, ‘প্রধানমন্ত্রী তারেক রহমান স্পষ্টভাবে বলেছেন, বাংলাদেশে কোনো সংখ্যালঘু নেই, আমরা সবাই বাংলাদেশী। ধর্ম যার যার, রাষ্ট্র সবার।’ তিনি আরো বলেন, ‘গত দুই বছরে দেশে কোনো প্রতিমা বা মূর্তি ভাঙার রেকর্ড নেই। সব ধর্মের মানুষকে সাথে নিয়ে সম্প্রীতির বাংলাদেশ বজায় রাখাই সরকারের মূল লক্ষ্য।’ বরগুনা জেলাকে সম্পূর্ণ চাঁদাবাজমুক্ত করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে নুরুল ইসলাম বলেন, কোনো ধরনের চাঁদাবাজি সহ্য করা হবে না। এছাড়া জাতীয় ইলিশ রক্ষায় উপকূলীয় অঞ্চলে ট্রলিং জাহাজের ব্যবহার পুরোপুরি বন্ধের জোর দাবি জানান তিনি। দেশের সার্বিক পরিস্থিতি তুলে ধরে তিনি বলেন, ‘আমরা নিয়মতান্ত্রিক উপায়ে জনগণের রায় নিয়ে আগামী পাঁচ বছর ক্ষমতায় থেকে দেশ পরিচালনা করতে চাই।’ তিনি আরো বলেন, ‘শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান মাত্র তিন বছরে বাংলাদেশকে দুর্ভিক্ষের হাত থেকে রক্ষা করেছিলেন। বর্তমান সরকারও দেশের সার্বিক উন্নয়নে অঙ্গীকারবদ্ধ।’

রিয়াদগামী বিমানের সব ফ্লাইট অনির্দিষ্টকালের

চালুর পরিকল্পনা করছে বিমান। এ ক্ষেত্রে দাম্মাম বিমানবন্দর কর্তৃপক্ষের প্রয়োজনীয় অনুমতি পেতে হবে। শনিবার (১৭ অক্টোবর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। বিজ্ঞপ্তিতে বলা হয়, যাত্রীদের নিরাপত্তার স্বার্থে রিয়াদগামী ফ্লাইটগুলো স্থগিত রাখা হয়েছে। রিয়াদ বিমানবন্দর কর্তৃপক্ষের পরবর্তী নির্দেশনা পাওয়ার পর এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া হবে। পরবর্তী সিদ্ধান্ত যাত্রীদের জানিয়ে দেওয়া হবে। এদিকে বিমানের জেদ্দা ও মদিনাগামী ফ্লাইটগুলো যথারীতি চালু রয়েছে। জরুরি প্রয়োজনে যাত্রীরা এ দুটি আন্তর্জাতিক বিমানবন্দর ব্যবহার করে সৌদি আরবে যাতায়াত করতে পারবেন। যাত্রীদের চাহিদা বিবেচনায় মদিনা রুটে অধিক যাত্রী ধারণক্ষমতাসম্পন্ন উড়োজাহাজ ব্যবহার করছে বিমান। এ ব্যবস্থা ১৮ অক্টোবর পর্যন্ত অব্যাহত থাকবে। ১৯ অক্টোবর থেকে এ রুটে আগের মতো বোয়িং ৭৮৭ উড়োজাহাজ পরিচালনা করা হবে। এ ছাড়া জেদ্দা রুটে অতিরিক্ত ফ্লাইট পরিচালনার ব্যবস্থাও নেওয়া হচ্ছে। বিমান বাংলাদেশ এয়ারলাইনস জানিয়েছে, সংশ্লিষ্ট রুটগুলোর ফ্লাইট পরিচালনা ও সময়সূচি নিয়ে পরবর্তী হালনাগাদ তথ্য যথাসময়ে জানানো হবে। টিকিট কেনা, বুকিং ও ভ্রমণসংক্রান্ত তথ্যের জন্য যাত্রীদের নিকটস্থ বিমানের বিক্রয় কেন্দ্রে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে।

মুসলিম বিশ্বে প্রচলিত ‘মোহাম্মদ’

নিয়ে উপহাস করেন তিনি। ট্রাম্প বলেন, “ধরুন মধ্যপ্রাচ্যের কারও নাম নিয়ে আপনার সন্দেহ আছে, তাহলে শুধু বলুন ‘মোহাম্মদ’। আপনার ৬৫ শতাংশ সুযোগ আছে নাম মিলে যাওয়ার। শুধু বলবেন ‘হ্যালো মোহাম্মদ’, আমি দীর্ঘদিন ধরেই এটি করছি। আর আমার কখনো ভুল হয়নি।” মুসলিম পরিবারে ছেলে শিশুদের নামের আগে, মাঝে বা পরে মোহাম্মদ রাখার প্রচলন রয়েছে। ইসলাম ধর্মের প্রবর্তক হযরত মোহাম্মদ (সাঃ)-এর নামের সঙ্গে মিল রেখে মূলত মোহাম্মদ রাখা হয়। বার্তাসংস্থা রয়টার্স জানিয়েছে, ট্রাম্প মোহাম্মদ নাম নিয়ে উপহাস করার পর সেখানে উপস্থিত মানুষ চুপ ছিলেন। তারা এ নিয়ে কোনো প্রতিক্রিয়া দেখাননি। আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন হবে। এর আগে জর্জিয়ার রিপাবলিকান পার্টির প্রতিদ্বন্দ্বিদের জন্য ক্যাম্পেইন করতে গেছেন তিনি। নিজের বক্তব্যে ইরানের কথাও উল্লেখ করেন ট্রাম্প। তিনি দাবি করেন, ইরান পৃথিবীর একমাত্র দেশ যেখানে কেউ প্রেসিডেন্ট হতে চায় না। তখনও মোহাম্মদ নাম নিয়ে উপহাস করেন তিনি। ট্রাম্প বলেন, “ইরান একমাত্র দেশ যেখানে কেউ প্রেসিডেন্ট হতে চায় না।” ওই সময় সেখানে থাকা কয়েকজনকে মোহাম্মদ হিসেবে উল্লেখ করে তিনি উপহাস করে বলেন তারা কী ইরানের প্রেসিডেন্ট হতে চান কি না। ট্রাম্প এমন মন্তব্য করলেও সাবেক প্রেসিডেন্ট ইব্রাহিম রাইসি হেলিকপ্টার দুর্ঘটনায় মারা যাওয়ার পর নতুন নির্বাচনের মাধ্যমে ২০২৪ সালে ইরানের প্রেসিডেন্ট হন মাসুদ পেজেশকিয়ান। এরপর থেকে তিনিই প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন।

ঢাকা থেকে নানাবাড়িতে

১১টার দিকে ওই বাড়ির পুকুরে মাছ ধরতে দেখে পুকুরপাড়ে যায় আবু বকর। কিছুক্ষণ পর তাকে দেখতে না পেয়ে স্বজনেরা খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে পুকুরের পানিতে তাকে ভাসতে দেখে উদ্ধার করা হয়। পরে বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। সাচড়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য কয়ছর আহমেদ পরী শিশুটির মৃত্যুর বিষয় নিশ্চিত করেছেন। বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আশরাফ আলী শনিবার বিকেলে বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

দুর্গাপূজার নিরাপত্তায় বরিশালে তৎপর

পূজামণ্ডপগুলোতে বিপুলসংখ্যক ভক্ত, দর্শনার্থী ও সাধারণ মানুষের সমাগম বিবেচনায় নিয়ে নিরাপত্তাব্যবস্থা জোরদার করা হয়েছে। স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং পূজা উদ্?যাপন কমিটির সঙ্গে সমন্বয়ের মাধ্যমে বিভিন্ন নিরাপত্তামূলক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিরাপত্তাব্যবস্থার অংশ হিসেবে পূজামণ্ডপের সিসিটিভি কার্যক্রম তদারকি, স্বেচ্ছাসেবকদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয়, ইউনিফর্ম ও সাদাপোশাকে নজরদারি, বডি-অন ক্যামেরার ব্যবহার এবং বিশেষ টহল কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ ছাড়া যেকোনো জরুরি ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি দ্রুত মোকাবিলায় একটি বিশেষ কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে। জরুরি প্রয়োজনে ০১৭৭৭-৭১০৮৯৯ নম্বরে যোগাযোগের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়েছে। বরিশালের শ্রী শ্রী শংকর মঠ মন্দির পরিদর্শন শেষে আয়োজিত এক মিডিয়া ব্রিফিংয়ে এসআরবি-৮, বরিশালের অধিনায়ক মোহাম্মদ জাকিউল করিম বলেন, “ধর্ম-বর্ণ নির্বিশেষে সব নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা ব্যাটালিয়নের অন্যতম দায়িত্ব। ধর্মীয় উৎসবকে কেন্দ্র করে কোনো ব্যক্তি বা গোষ্ঠী যাতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে, সে বিষয়ে সদস্যরা সতর্কতা ও দায়িত্বশীলতার সঙ্গে দায়িত্ব পালন করছেন।” মিডিয়া ব্রিফিংয়ে শ্রী শ্রী শংকর মঠ মন্দিরের সভাপতি লিমন কৃষ্ণ সাহা, সাধারণ সম্পাদক চিন্ময় দাসসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এ সময় পূজা উদ্?যাপন কমিটির নেতৃবৃন্দ, স্বেচ্ছাসেবক, স্থানীয় জনপ্রতিনিধি ও সর্বস্তরের জনগণকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সহযোগিতা করার আহ্বান জানানো হয়। পাশাপাশি কোনো সন্দেহজনক ব্যক্তি, বস্তু বা কার্যকলাপ চোখে পড়লে দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে এবং সামাজিক যোগাযোগমাধ্যমে যেকোনো ধরনের গুজব ও অসত্য তথ্য প্রচার থেকে বিরত থাকতে বিশেষভাবে অনুরোধ জানানো হয়। এসআরবি-৮, বরিশালের পক্ষ থেকে আরও জানানো হয়, শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে উদ্?যাপন নিশ্চিত করতে ব্যাটালিয়নের সদস্যরা পেশাদারত্ব, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন অব্যাহত রাখবেন।

আবাসিক হোটেলে যাওয়ার

কলেজ হাসপাতালের সামনের একটি আবাসিক হোটেলে কক্ষ বুক করেছিলেন। সেখানে তরুণীকে নিয়ে যাওয়ার পরিকল্পনা ছিল তার। এদিকে, শিক্ষার্থীদের হাতে আটক হওয়ার পর শুভ পুলিশে কর্মরত তার বোনকে ফোন করেন। পরে তার বোন বরিশাল পুলিশকে বিষয়টি জানালে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়। এরপর বিএম কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের উপস্থিতিতে তাদের থানায় নেওয়া হয়। এ বিষয়ে বিএম কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক কাজী জাবের আহমেদ বলেন, ছেলে-মেয়ে দুজনকেই পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। মেয়েটির এক ভাই এসেছে, তারা সবাই থানায় গিয়েছে। ক্যাম্পাসের নিরাপত্তা জোরদার প্রসঙ্গে তিনি জানান, এ ধরনের ঘটনা এড়াতে আগামী এক-দুই দিনের মধ্যে রাত ৮টার পর ক্যাম্পাসে সব ধরনের যানবাহন চলাচলে বিধিনিষেধ আরোপের বিষয়টি বিবেচনা করা হচ্ছে। পাশাপাশি রাতে ক্যাম্পাসে চলাচলের সময় শিক্ষার্থীদের পরিচয়পত্র সঙ্গে রাখা বাধ্যতামূলক করার বিষয়টিও ভাবা হচ্ছে।

সরকারি পুকুরের মাছ বাড়ি নেওয়ার সময় খাদ্য কর্মকর্তা আটক

জিয়ানগর প্রতিনিধি

পিরোজপুরের জিয়ানগরে উপজেলা পরিষদের পুকুর থেকে অনুমতি ছাড়া মাছ ধরার অভিযোগ উঠেছে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা কে এম মামুনুর রহমানের বিরুদ্ধে। তার ধরা প্রায় ২০ কেজি মাছ নিলামে ১ হাজার ৫০০ টাকায় বিক্রি করেছে উপজেলা প্রশাসন। শনিবার (১৭ অক্টোবর) দুপুরে মাছগুলো নিলামে তোলা হলে স্থানীয় হোটেল ব্যবসায়ী জাকির হোসেন ১ হাজার ৫০০ টাকায় কিনে নেন। এর আগে শুক্রবার রাত ১২টার দিকে মাছগুলো উপজেলা খাদ্য গুদাম থেকে উদ্ধার করা হয়। এসময় স্থানীয় সংবাদকর্মীরা সংবাদ সংগ্রহ করতে আসলে তাদের সঙ্গেও অসদাচরণ করেন অভিযুক্ত খাদ্য কর্মকর্তা। স্থানীয়রা জানায়, শুক্রবার বিকেলে উপজেলা পরিষদের পুকুর থেকে বড়শি দিয়ে রুই, কাতলাসহ বিভিন্ন প্রজাতির মাছ ধরেন ওই কর্মকর্তা। পরে সেদিন রাতে মাছগুলো ককসিটে করে বাড়িতে নিয়ে যাওয়ার সময় স্থানীয়রা টের পেয়ে তাকে মাছসহ আটক করে পুলিশে খবর দেন। পুলিশ সদস্যরা এসে মাছগুলো জব্দ করে উপজেলা প্রশাসনের হেফাজতে রাখেন। এ বিষয়ে পিরোজপুর জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সেলিম মাহমুদ সাগর বলেন, ‘আমি ট্রেনিংয়ে আছি। এ ব্যাপারে খোঁজ নিতে হবে। ঘটনার সত্যতা পেলে আইন অনুযায়ী আমরা ব্যবস্থা নেব।’ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) মো. ওয়ালিউর রহমান রুবেল বলেন, ‘খাদ্য কর্মকর্তা অবশ্যই অন্যায় করেছেন। তার বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে এবং মাছগুলো নিলামে বিক্রির অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হবে।’ অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা মামুনুর রহমানের মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি সাড়া দেননি।

দশমিনায় মা ইলিশ ধরার প্রস্তুতি, ১২ ট্রলারসহ এক লাখ মিটার জাল জব্দ

দশমিনা প্রতিনিধি

পটুয়াখালীর দশমিনা উপজেলায় প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযানে ১২টি ইঞ্জিনচালিত ট্রলার এবং প্রায় ৩০ লাখ টাকা মূল্যের এক লাখ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করেছে প্রশাসন। শুক্রবার বিকেল ৫টার দিকে উপজেলার তেঁতুলিয়া নদীর তীরবর্তী গোলখালী খাল এলাকায় স্থানীয় প্রশাসন, পুলিশ ও মৎস্য দপ্তরের যৌথ দল এ অভিযান পরিচালনা করে। উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, নিষেধাজ্ঞা অমান্য করে তেঁতুলিয়া নদীর গোলখালী খালে কিছু অসাধু জেলে মাছ ধরার প্রস্তুতি নিচ্ছিল। খবর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) নেতৃত্বে একটি দল অভিযানে যায়। এ সময় খালের মধ্যে থাকা জালসহ ১২টি ইঞ্জিনচালিত ট্রলার জব্দ করা হয়। তবে অভিযানের বিষয়ে টের পেয়ে জেলেরা পালিয়ে যায়। পরবর্তীতে জব্দকৃত ট্রলার ও কারেন্ট জাল উপজেলার হাজির হাটে নিয়ে আসা হয়। জব্দকৃত জালের আনুমানিক বাজারমূল্য ৩০ লাখ টাকা বলে জানিয়েছে মৎস্য দপ্তর। আইনগত প্রক্রিয়া শেষে ট্রলারগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের জিম্মায় রাখা হয়েছে এবং ১ লাখ মিটার কারেন্ট জাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। দশমিনা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহমুদ হাসান জানান, তেঁতুলিয়া নদীতে অভিযান চালিয়ে ১২টি অবৈধ কারেন্ট জাল ভর্তি ইঞ্জিনচালিত ট্রলার আটক করা হয়। জব্দকৃত জাল জনসম্মুখে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে এবং ট্রলারগুলো স্থানীয় চেয়ারম্যানের জিম্মায় দেওয়া হয়েছে। মা ইলিশ রক্ষায় নদী এলাকায় এ ধরনের সরকারি অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন ইউএনও।

ভোলায় নিজ ঘর থেকে কৃষকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

ভোলা প্রতিনিধি

ভোলা সদর উপজেলায় নিজ বসতঘর থেক নাগর সিকদার (৫০) নামে এক ব্যক্তির ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার (১৬ অক্টোবর) দিবাগত রাত আনুমানিক ৮টার দিকে উপজেলার উত্তর দিঘলদী ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের চানকাজি বাড়িতে এ ঘটনা ঘটে। তিনি ওই বাড়ির মফিজল শিকদারের ছেলে, এছাড়া তিনি পেশায় একজন কৃষক ছিলেন। স্থানীয়রা জানান,নাগর সিকদার আগে গ্রামে কৃষি কাজ করতেন। পরে স্ত্রীর সাথে ঢাকায় গিয়ে বসবাস করতেন এবং সেখানেই দিনমজুরির কাজ করতেন। গত কয়েক দিন আগে তিনি গ্রামের বাড়ি আসেন। শুক্রবার সন্ধ্যার দিকে বসতঘরের আড়ার সাথে ঝুলন্ত অবস্থায় তার মরদেহ দেখতে পান প্রতিবেশীরা। পরে তাদের চিৎকার দিলে তার পরিবার ও আশেপাশের মানুষ এগিয়ে এসে পুলিশকে খবর দেন। এ বিষয়ে ভোলা মডেল থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো.মনিরুল ইসলাম বলেন, তার মৃত্যুর প্রকৃত কারণ জানতে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতালে মর্গে পাঠানো হয়েছে। এছাড়া এ ঘটনায় অন্যান্য আইনানুগ কার্যক্রম চলমান রয়েছে।

পাঁচদিন পর কমবে সারাদেশে তাপমাত্রা

কীর্তনখোলা ডেস্ক

উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত লঘুচাপের বর্ধিতাংশ বিস্তৃত রয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। এই অবস্থায় আগামী পাঁচ দিন পর সারাদেশে তাপমাত্রা কমতে পারে বলে জানিয়েছে সংস্থাটি। শনিবার (১৭ অক্টোবর) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবিরের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অফিস জানায়, রবিবার সকাল ৯টার মধ্যে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এই সময়ে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকার সম্ভাবনা রয়েছে। আজ সকালে ঢাকায় উত্তর অথবা উত্তর-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৫ থেকে ১০ কিলোমিটার গতিতে বাতাস প্রবাহিত হচ্ছে। একই সঙ্গে সকাল ৬টায় ঢাকায় বাতাসের আপেক্ষিক আর্দ্রতা রেকর্ড করা হয়েছে ৭৩ শতাংশ। আজ ঢাকায় সূর্যাস্ত হবে সন্ধ্যা ৫টা ৩১ মিনিটে এবং আজ রোববার সূর্যোদয় হবে ভোর ৫টা ৫৭ মিনিটে। রোববার (১৮ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এ সময় সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। সোমবার (১৯ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এদিনও সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য কমার সম্ভাবনা রয়েছে। মঙ্গলবার (২০ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার পূর্বাভাসে জানানো হয়েছে, চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় হালকা বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এই সময়ে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। বুধবার (২১ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় হালকা বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যান্য অঞ্চলে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। তবে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকবে বলে জানিয়েছে আবহাওয়া অফিস। এছাড়া আগামী পাঁচদিন পর থেকে সারাদেশে তাপমাত্রা ধীরে ধীরে হ্রাস পেতে পারে বলে জানিয়েছে সংস্থাটি।

যুদ্ধ, ঋণ ও মূল্যস্ফীতির ঝুঁকিতে বিশ্ব অর্থনীতি: আইএমএফ

কীর্তনখোলা ডেস্ক

বৈশ্বিক অর্থনীতির সামনে যেমন প্রবৃদ্ধির সম্ভাবনা রয়েছে, তেমনি রয়েছে মূল্যস্ফীতি, ঋণের বোঝা, যুদ্ধ ও জলবায়ু পরিবর্তনজনিত নানা ঝুঁকি। এসব আশাবাদ ও উদ্বেগের মধ্য দিয়েই এ বছরের বার্ষিক সম্মেলন শেষ হয়েছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) প্রধান ক্রিস্টালিনা জর্জিয়েভা। একই সঙ্গে ইরান যুদ্ধের কারণে মূল্যবৃদ্ধির চাপে থাকা নিম্ন আয়ের দেশগুলোকে সহায়তা করার ওপর গুরুত্ব দিয়েছেন তিনি। খবর এএফপি শনিবার (১৭ অক্টোবর) থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে সম্মেলনের সমাপনী পর্বে সৌদি আরবের অর্থমন্ত্রী মোহাম্মদ আল-জাদানের সঙ্গে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন জর্জিয়েভা। সম্মেলনের অভিজ্ঞতা তুলে ধরে আইএমএফ প্রধান বলেন, বিশ্ব অর্থনীতির স্থিতিস্থাপকতা, কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) সম্ভাবনা এবং এশিয়ার গতিশীলতা আশাবাদের জায়গা তৈরি করেছে। তবে একই সঙ্গে এআইয়ের প্রভাব, উচ্চ মূল্যস্ফীতি, ঋণের ক্রমবর্ধমান বোঝা, যুদ্ধ এবং জলবায়ুজনিত ঝুঁকি নিয়ে উদ্বেগও রয়েছে। জর্জিয়েভার মতে, যুদ্ধের কারণে বিশ্ববাজারে জ্বালানি ও অন্যান্য পণ্যের দাম বেড়ে যাওয়ায় নিম্ন আয়ের দেশগুলো বাড়তি চাপের মুখে পড়েছে। এসব দেশের সংকট মোকাবিলায় সহায়তা করা আইএমএফের দায়িত্বের অংশ। গত ফেব্রুয়ারির শেষ দিকে যুক্তরাষ্ট্র ও ইসরাইল ইরানের বিরুদ্ধে যুদ্ধ শুরু করার পর আন্তর্জাতিক বাজারে জ্বালানির দাম বেড়েছে। পাল্টা পদক্ষেপ হিসেবে ইরান উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের মিত্রদের লক্ষ্য করে হামলা চালিয়েছে। এতে তেল ও গ্যাসের সরবরাহও ব্যাহত হয়েছে। এদিকে উন্নত অর্থনীতির দেশগুলোতে সরকারি ঋণের উচ্চ মাত্রা এবং বন্ডের সুদের হার বৃদ্ধি আর্থিক পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে বলে পুরো সপ্তাহজুড়ে সতর্ক করেছে আইএমএফ। সংস্থাটির আশঙ্কা, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাখতে কেন্দ্রীয় ব্যাংকগুলোকে সুদের হার বাড়ানোর পথে হাঁটতে হতে পারে। এতে ঋণ গ্রহণের ব্যয় আরও বাড়ার ঝুঁকি রয়েছে। ১২ থেকে ১৮ অক্টোবর পর্যন্ত ব্যাংককে অনুষ্ঠিত আইএমএফ ও বিশ্বব্যাংক গ্রুপের বার্ষিক সম্মেলনে বিভিন্ন দেশের অর্থমন্ত্রী, কেন্দ্রীয় ব্যাংকের প্রধান এবং জ্যেষ্ঠ কর্মকর্তারা অংশ নেন। মূল্যস্ফীতি, বন্ডের সুদের হার বৃদ্ধি এবং এআইনির্ভর অর্থনৈতিক প্রবৃদ্ধি ছিল এবারের আলোচনার গুরুত্বপূর্ণ বিষয়। এআইয়ের দ্রুত বিস্তার ও বিনিয়োগ বৃদ্ধির প্রসঙ্গে জর্জিয়েভা বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখতে এ প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে বলে সদস্যদেশগুলো স্বীকার করেছে। তবে প্রবৃদ্ধির জন্য একটি নির্দিষ্ট চালিকাশক্তির ওপর অতিরিক্ত নির্ভরশীলতা ঝুঁকিপূর্ণ। বিষয়টি বোঝাতে তিনি বলেন, ‘যখন আমরা প্রবৃদ্ধির একটি নির্দিষ্ট চালিকাশক্তির ওপর নির্ভরশীল হয়ে পড়ি, তখন তা এক পায়ে দাঁড়িয়ে থাকার মতো।’ এবারের সম্মেলনে এআইয়ের সবচেয়ে উন্নত মডেলগুলোর ওপর নিয়ন্ত্রণ ও সুরক্ষাব্যবস্থা আরোপের প্রয়োজনীয়তা নিয়েও আলোচনা হয়েছে। স্বয়ংক্রিয়ভাবে কাজ করতে সক্ষম এআই এজেন্টের সঙ্গে সংশ্লিষ্ট সাম্প্রতিক নিরাপত্তা লঙ্ঘনের ঘটনা এ বিতর্ককে আরও গুরুত্ব দিয়েছে। ব্যাংককে এআই কোম্পানি, সরকার ও সংশ্লিষ্ট অন্যান্য পক্ষের মধ্যে সহযোগিতার মনোভাব দেখে সন্তোষ প্রকাশ করেন আইএমএফ প্রধান। তার ভাষায়, ‘আমরা যখন যথাসাধ্য চেষ্টা করি, তখন তার সুফল মানুষের জীবনযাত্রার উন্নতির মধ্য দিয়ে প্রকাশ পায়।’ সব মিলিয়ে এবারের সম্মেলনে বৈশ্বিক অর্থনীতির সম্ভাবনার পাশাপাশি বিদ্যমান ঝুঁকিগুলোও স্পষ্ট হয়ে উঠেছে। বিশেষ করে যুদ্ধজনিত মূল্যবৃদ্ধি, ঋণের চাপ এবং এআইয়ের দ্রুত পরিবর্তনশীল প্রভাব মোকাবিলায় দেশগুলোর মধ্যে সহযোগিতা বাড়ানোর প্রয়োজনীয়তা আলোচনায় গুরুত্ব পেয়েছে।

মুসলিম বিশ্বে প্রচলিত ‘মোহাম্মদ’ নাম নিয়ে উপহাস ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক

মুসলিম বিশ্বের দেশগুলোতে অধিক প্রচলিত নাম ‘মোহাম্মদ’ নিয়ে উপহাস করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার (১৭ অক্টোবর) জর্জিয়া অঙ্গরাজ্যের ডালটনে একটি নির্বাচনী ক্যাম্পেইনে যান ট্রাম্প। সেখানেই এ নাম ৩ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ১৮ অক্টোবর ২০২৬ ॥ ০২ কার্তিক ১৪৩৩

রিয়াদগামী বিমানের সব ফ্লাইট অনির্দিষ্টকালের জন্য স্থগিত, দাম্মামের রুট নিয়ে নতুন সিদ্ধান্ত

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবের বিমানবন্দরে হামলার পরিপ্রেক্ষিতে রিয়াদগামী সব ফ্লাইট অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। তবে সৌদি আরবের দাম্মামগামী ফ্লাইটগুলো আগামী ২১ অক্টোবর থেকে পুনরায় ৩ এর পাতায় দেখুন

দশমিনা উপজেলার সকল পূজা মণ্ডপের সভাপতি, সাধারণ সম্পাদক এবং হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে
মতবিনিময় সভা
প্রধান অতিথি: জনাব মোঃ নুরুল হক এমপি
দশমিনা, পটুয়াখালী

লেখালিখি করে পতন ঘটানো যাবে না সরকার ৫ বছর পার করবেই: নুরুল হক

দশমিনা প্রতিনিধি

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নূর বলেছেন, ‘সামাজিক যোগাযোগমাধ্যমে সরকারের বিরুদ্ধে লেখালেখি করে সরকারের পতন ঘটানো যাবে না। পাঁচ বছরের জন্য ক্ষমতায় আসা বর্তমান সরকার মেয়াদ পূর্ণ করবেই।’ শনিবার বেলা ১১টার দিকে পটুয়াখালীর দশমিনা উপজেলা অডিটরিয়ামে দুর্গাপূজা উদ্?যাপন উপলক্ষে আয়োজিত এক মতবিনিময় সভায় নুরুল হক এসব কথা বলেন। নুরুল হক নূর বলেন, বর্তমান সরকার ৭ মাসে জনগণের আশা-প্রত্যাশা পূরণে সর্বোচ্চ চেষ্টা করেছে। দুর্গাপূজা উদ্?যাপনের জন্য সরকারের কাছে আলাদাভাবে আবেদন করতে হয়নি। এর আগেই সরকার উপজেলা পর্যায়ের প্রতিটি পূজামণ্ডপে নিরাপত্তা নিশ্চিত করতে সিসিটিভি ক্যামেরা স্থাপন, আনসার ও পুলিশ মোতায়েন এবং বিশেষ নিরাপত্তা টহলের ব্যবস্থা করেছে। এ ছাড়া পূজামণ্ডপগুলোর জন্য আর্থিক সহায়তার ৩ এর পাতায় দেখুন

শাড়ি বিতরণ
ড. শফিকুল ইসলাম মাসুদ এমপি
পটুয়াখালী

সম্প্রীতি, শ্রদ্ধাবোধ ও ভ্রাতৃত্বের বন্ধন সুদৃঢ় করতে হবে: এমপি মাসুদ

বাউফল প্রতিনিধি

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে পটুয়াখালী বাউফলে অসহায়, দুস্থ ও দরিদ্র সনাতন ধর্মাবলম্বীদের মাঝে ৩০০টি শাড়ি বিতরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল থেকে প্রাপ্ত এসব শাড়ি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিতরণ করেন স্থানীয় সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। শনিবার (১৭ অক্টোবর) সকাল ১০টায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে এ শাড়ি বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদের ৩ এর পাতায় দেখুন

নলছিটিতে প্রায় সোয়া ৩ কেজি গাঁজাসহ দুই কারবারি আটক

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে গাঁজাসহ দুই কারবারিকে আটক করেছে পুলিশ। শুক্রবার (১৬ অক্টোবর) দিবাগত রাত সাড়ে ৩টার দিকে উপজেলার নাচনমহল ইউনিয়নের দক্ষিণ ভবানীপুর গ্রামের একটি বসতঘরে অভিযান চালিয়ে তাঁদের আটক করা হয়। আটক ব্যক্তিরা হলেন দক্ষিণ ভবানীপুর গ্রামের আনোয়ার হোসেন হাওলাদারের ছেলে মো. মাসুদ হোসেন ওরফে ঘোড়া মাসুদ (২৬) এবং পটুয়াখালী জেলার মাদারবুনিয়া ইউনিয়নের গেরাখালী গ্রামের শাহ আলম সরদারের ছেলে রাজু আহমেদ নাঈম (৩০)। পুলিশ সূত্রে জানা গেছে, শুক্রবার দিবাগত রাতে নলছিটি থানা-পুলিশের একটি দল দক্ষিণ ভবানীপুর এলাকায় অভিযান চালায়। এ সময় আনোয়ার হোসেন হাওলাদারের বসতঘর থেকে মাসুদ ও নাঈমকে আটক করা হয়। পরে তাঁদের কাছ থেকে ৩ কেজি ৩৫০ গ্রাম গাঁজা উদ্ধার করে পুলিশ। নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তৌহিদুজ্জামান বলেন, এ ঘটনায় আটক দুজনের বিরুদ্ধে থানায় মামলা করা হয়েছে।

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকন্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

বিসমিল্লাহির রাহমানির রাহীম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
EIIN: 137732
Code: 20830
২০২৬ শিক্ষাবর্ষে
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
ভর্তি চলিছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৪

সরকারকে বেকায়দায় ফেলতে জ্বালানির কৃত্রিম সঙ্কট তৈরি করছে: চিফ হুইপ

বরগুনা প্রতিনিধি

জাতীয় সংসদের চিফ হুইপ ও বরগুনা-২ আসনের সংসদ সদস্য মো: নুরুল ইসলাম মণি বলেছেন, ‘প্রধানমন্ত্রী তারেক রহমান জ্বালানি খাতে ৩৬ হাজার কোটি টাকা ভর্তুকি দিয়ে তেলের দাম তুলনামূলক বৃদ্ধি না করলেও সরকারকে বেকায়দায় ফেলতে একটি চক্র জ্বালানি তেলের কৃত্রিম সঙ্কট তৈরি করছে।’ তিনি বলেন, ‘সাধারণ মানুষের স্বস্তির কথা চিন্তা করে প্রধানমন্ত্রী তারেক রহমান ৩২ হাজার কোটি টাকা ভর্তুকি দিয়ে তেলের দাম স্বাভাবিক রেখেছেন। অথচ একটি স্বার্থান্বেষী গোষ্ঠী অপচেষ্টা চালিয়ে কৃত্রিম সঙ্কট তৈরি করছে।’ শনিবার (১৭ অক্টোবর) বিকেলে বরগুনা সার্কিট হাউস সম্মেলন কক্ষে স্থানীয় সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় এসব কথা বলেছেন ৩ এর পাতায় দেখুন

ফ্যামিলি কার্ড সরকারের নির্বাচনী ইশতেহারের গুরুত্বপূর্ণ অঙ্গীকার: প্রতিমন্ত্রী সোহেল মনজুর

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে ফ্যামিলি কার্ড কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী আহম্মদ সোহেল মনজুর সুমন। শনিবার (১৭ অক্টোবর) ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ কার্যক্রমের উদ্বোধন করেন। এ কর্মসূচির আওতায় উপজেলার ১০টি ইউনিয়ন ও একটি পৌরসভায় মোট ৫৪ হাজার ১৭০টি পরিবারের তথ্য সংগ্রহ ও যাচাই-বাছাই করা হবে। এ কাজ সম্পন্ন করতে ৪৫ দিন সময় নির্ধারণ করা হয়েছে। সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে নেওয়া এ কর্মসূচি সুষ্ঠু, স্বচ্ছ ও নিরপেক্ষভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন প্রতিমন্ত্রী। প্রকৃত দুস্থ, অসহায় ও যোগ্য পরিবারকে চিহ্নিত করে সরকারি সহায়তা পৌঁছে দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা, তথ্য সংগ্রহকারী ৩ এর পাতায় দেখুন



দুর্গাপূজার নিরাপত্তায় বরিশালে তৎপর এসআরবি, পরিদর্শন ৭৫ পূজামণ্ডপ

কীর্তনখোলা রিপোর্ট

শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, পূজামণ্ডপের নিরাপত্তা নিশ্চিত করা এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে বিশেষ নিরাপত্তা কার্যক্রম জোরদার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮, বরিশাল। এরই অংশ হিসেবে বরিশাল সিটি করপোরেশন এলাকায় ৪৬টি এবং এর বাইরে ৪৪টিসহ মোট ৯০টি পূজামণ্ডপের মধ্যে ৭৫টি ইতিমধ্যেই পরিদর্শন করেছে ব্যাটালিয়নটি। শনিবার (১৭ অক্টোবর) এসআরবি-৮, বরিশালের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশন রেসিডেন্সিয়াল মডেল কলেজে নবীনবরণ

চরফ্যাশন প্রতিনিধি

বর্ণাঢ্য আয়োজনে ভোলার চরফ্যাশন রেসিডেন্সিয়াল মডেল কলেজে ২০২৬-২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৭ অক্টোবর) সকাল ১১ টায় কলেজ মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। কলেজের অধ্যক্ষ কামরুজ্জামানের সভাপতিত্বে উপাধ্যক্ষ ইবরাহীম খলিলের সঞ্চালনায় অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চরফ্যাশন উপজেলার সহকারী কমিশনার (ভূমি) এমদাদুল হোসেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চরফ্যাশন ৩ এর পাতায় দেখুন


অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব

আবাসিক হোটেলে যাওয়ার আগেই ক্যাম্পাসে আপত্তিকর অবস্থায় যুগল ধরা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ ক্যাম্পাসে বহিরাগত তরুণ-তরুণীকে আপত্তিকর অবস্থায় আটক করেছে শিক্ষার্থীরা। শুক্রবার (১৬ অক্টোবর) রাত আনুমানিক ৮টার দিকে কলেজের হিন্দু হলের সামনের সড়ক থেকে তাদের আটক করে ক্যাম্পাসের সাধারণ শিক্ষার্থীরা। আটক তরুণের নাম শুভ দাস (২১)। তার বাড়ি ভোলায়। অন্যদিকে, তরুণীর বাড়ি পিরোজপুর বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শীদের দাবি, রাতে কলেজের হিন্দু হলের সামনের সড়কে তাদের আপত্তিকর অবস্থায় দেখতে পেয়ে শিক্ষার্থীরা আটক করেন। এ সময় শুভর মুঠোফোন পরীক্ষা করে একটি গোপন ফোল্ডারে তিন শতাধিক ব্যক্তিগত ভিডিও পাওয়া যায় বলে দাবি করেছেন শিক্ষার্থীরা। তাদের দাবি, ভিডিওগুলোতে একাধিক নারীর সঙ্গে শুভর অন্তরঙ্গ মুহূর্ত ধারণ করা হয়েছে। এ ছাড়া নিজের বড় ভাইয়ের স্ত্রীর সঙ্গেও অন্তরঙ্গ মুহূর্তের ভিডিও ওই ফোনে পাওয়া গেছে বলে জানা গেছে। শুভর বরাত দিয়ে জানা গেছে, বিএম কলেজে আসার আগে তিনি বরিশাল শেরেবাংলা মেডিকেল ৩ এর পাতায় দেখুন

ঢাকা থেকে নানাবাড়িতে বেড়াতে এসে পুকুরে ডুবে শিশুর মৃত্যু

বোরহানউদ্দিন প্রতিনিধি

ঢাকার বাসা থেকে ভোলার বোরহানউদ্দিনে নানাবাড়িতে বেড়াতে এসে পুকুরে ডুবে আবু বকর (৮) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। শনিবার (১৭ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে উপজেলার সাচড়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে। মারা যাওয়া শিশু আবু বকর

বোরহানউদ্দিন উপজেলার দেউলা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা শহিদুল হক কাজির ছেলে। স্থানীয় বাসিন্দারা জানান, আবু বকর দীর্ঘদিন ধরে বাবা-মায়ের সঙ্গে ঢাকায় বসবাস করছিল। শনিবার সকাল ৮টার দিকে মামা ইমনের সঙ্গে সে ঢাকা থেকে নানাবাড়ি সাচড়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের ছিঠু খানের বাড়িতে বেড়াতে আসে। বেলা ৩ এর পাতায় দেখুন

জুলাই সনদ বাস্তবায়নে তাদের বাধা কোথায়, প্রশ্ন এমপি মাসুদ সাঈদীর

জিয়ানগর প্রতিনিধি

জুলাই সনদ বাস্তবায়ন না হওয়ার জন্য সবচেয়ে বেশি দায়ী ড. মুহাম্মদ ইউনূসের সরকার বলে মন্তব্য করেছেন পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী। তিনি বলেন, দতখন আমাদের কথা শুনে গণভোট আগে আয়োজন করলে বাংলাদেশে নতুন করে কোনো ফ্যাসিবাদের জন্ম হতো না।’ শনিবার দুপুরে পিরোজপুরের জিয়ানগর উপজেলা সদরের ইন্দুরকানী ইউনিয়নের রাজিয়া রশিদ দাখিল মাদ্রাসা মাঠে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত চেয়ারম্যান প্রার্থী আব্দুল মান্নান শিকদারের ৩ এর পাতায় দেখুন

প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান

হিজলায় কুরআন তিলাওয়াত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ

হিজলা প্রতিনিধি

বরিশালের হিজলা উপজেলায় হুফফাজুল কুরআন ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র কুরআন তিলাওয়াত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৭ অক্টোবর) উপজেলার হরিনাথপুর ইকরা আদর্শ মাদ্রাসার হলরুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হিজলা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ইলিয়াস সিকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হিজলা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সোলায়মান, মহিষখোলা মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ্ব মাওলানা আবুল কালাম, প্রকৌশলী ফয়সাল মাহমুদ এবং রেমিডি মেডিকেল সার্ভিসেসের নির্বাহী পরিচালক ও দৈনিক বাংলাদেশ বাণীর সহযোগী সম্পাদক আলহাজ্ব মো. মোজাম্মেল ৩ এর পাতায় দেখুন

বাবার পাশে ঘুমিয়ে থাকা নিখোঁজ সেই শিশু ‘হত্যার শিকার’

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় বাবার পাশে ঘুমিয়ে থাকা নিখোঁজ শিশু রাইয়ান ‘হত্যার শিকার’ হয়েছে। নিখোঁজের দুই দিন পর খাল থেকে ব্যাগবন্দী অবস্থায় উদ্ধার হয়েছে ১০ মাস বয়সী শিশুটির মরদেহ। তাদের বাড়ির পেছনের খালে কালো একটি ব্যাগ ভাসতে দেখে সন্দেহ

হয় স্বজনদের। সেটি খুলতেই বেরিয়ে আসে রাইয়ানের পা, ছড়িয়ে পড়ে পচা দুর্গন্ধ। নিহতের পরিবারের অভিযোগ, হত্যাকাণ্ডে জড়িত তার আপন খালু আল-আমীন। শনিবার (১৭ অক্টোবর) বেলা ১১টার দিকে উপজেলার নীলগঞ্জ ইউনিয়নের ঘুটাবাছা খাল থেকে মরদেহটি উদ্ধার করেন স্থানীয়রা। পরে খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। হত্যার রহস্য উদঘাটনে তদন্ত চলছে বলে জানিয়েছে পুলিশ। নিহত রাইয়ানের চাচাতো দাদা নূরমোহাম্মদ বলেন, নিখোঁজের পর থেকেই বিভিন্ন স্থানে শিশুটিকে খুঁজছিলেন পরিবারের সদস্যরা। শনিবার সকাল থেকে নৌকা নিয়ে বাড়ির পেছনের খালে তল্লাশি চালাচ্ছিলেন রাইয়ানের মামা। একপর্যায়ে ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com